# KUET Bulletin

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বুলেটিন

৯ম বর্ষ, ২য় সংখ্যা, জুলাই - ডিসেম্বর ২০১৬


## "বর্তমান প্রজন্মের শিক্ষার্থীরা হবে সোনার বাংলার নির্মাতা"

-শিক্ষামন্ত্রী




কুয়েটের ত্রয়োদশ প্রতিষ্ঠাবার্ষিকী, বিশ্ববিদ্যালয় দিবস ২০১৬ এর আনন্দ শোভাযাত্রার নেতৃত্ব দেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এমপি সঙ্গে ছিলেন কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরসহ অন্যান্যরা।

বর্ণিল আয়োজন আর বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্যদিয়ে ০১ সেপ্টেম্বর বৃহস্পতিবার খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ত্রয়োদশ প্রতিষ্ঠাবার্ষিকী, বিশ্ববিদ্যালয় দিবস ২০১৬ পালিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এমপি এবং সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। সকাল সোয়া ১০টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে অনুষ্ঠিত হয় প্রীতি সমাবেশ। এরপর সকাল সাড়ে ১০টায় জাতীয় সঙ্গীতের সঙ্গে সঙ্গে উত্তোলন করা হয় জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা। পতাকা উত্তোলন শেষে প্রধান অতিথি বেলুন ও শান্তির প্রতীক পায়রা উড়িয়ে বিশ্ববিদ্যালয় দিবসের শুভ উদ্বোধন করেন। প্রধান অতিথির বক্তৃতায় মাননীয় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এমপি বলেন, বর্তমান প্রজন্মের শিক্ষার্থীরা হবে সোনার বাংলার নির্মাতা। বিশ্বমানের শিক্ষা, জ্ঞান ও নতুন নতুন প্রযুক্তি অর্জনের মাধ্যমে দেশকে এগিয়ে নিতে হবে। এ লক্ষ অর্জনে কুয়েটকে অগ্রণী ভূমিকা পালন করতে হবে। (২য় পৃষ্ঠায় দেখুন)

## "বিজ্ঞান ও প্রযুক্তি নির্ভর জাতি গঠনে কুয়েট গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে"

-যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী




বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে প্রধান অতিথি হিসেবে পুরস্কার বিতরণ করেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ড. শ্রী বীরেন শিকদার এমপি।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০১৬ গত ৩০ ডিসেম্বর শুক্রবার সফলভাবে সম্পন্ন হয়েছে। শুক্রবার বিকাল ৪টায় বিশ্ববিদ্যালয়ের খেলার মাঠে প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ড. শ্রী বীরেন শিকদার এমপি (২য় পৃষ্ঠায় দেখুন)

## কুয়েটেই হচ্ছে খুলনার "হাই-টেক পার্ক" সমঝোতা স্মারক স্বাক্ষরিত



হাইটেক পার্ক নির্মাণের সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন কুয়েটের রেজিস্টার (ভারপ্রাপ্ত) জি.এম. শহিদুল আলম ও হাইটেক পার্ক কর্তৃপক্ষের ব্যবস্থাপনা পরিচালক বেগম হোসনে আরা, এসময় উপস্থিত ছিলেন কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসেই নির্মিত হচ্ছে কাঙ্খিত 'হাই-টেক পার্ক'। ১৫ নভেম্বর মঙ্গলবার বিকাল ৩টায় বিশ্ববিদ্যালয়ের সভাকক্ষে এ সম্পর্কিত সমঝোতা স্বারক স্বাক্ষর এবং হস্তান্তর অনুষ্ঠিত হয়। হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব) বেগম হোসনে আরা এনডিসি এবং কুয়েটের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) জি.এম. শহিদুল আলম নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্বারকে স্বাক্ষর করেন। এসময় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, (৫ম পৃষ্ঠায় দেখুন)

## বর্তমান প্রজন্মের শিক্ষার্থীরা হবে সোনার বাংলার নির্মাতা




বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতা করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এমপি।

(১ম পৃষ্ঠার পর) দেশের আর্থ সামাজিক উন্নয়নে এ প্রতিষ্ঠানের ভূমিকা অতুলনীয়। দেশে বিদেশে কুয়েটের শিক্ষার্থীরা মেধার পরিচয় দিচ্ছে, এ বিষয়টি আমাদেরকে গর্বিত করে। সভাপতির বক্তৃতায় কুয়েট ভিসি প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বলেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং এ প্রতিষ্ঠানের মেধাবী শিক্ষার্থীরা কুয়েটকে আজ মর্যাদার আসনে অধিষ্ঠিত করেছে। সকলের সহযোগিতায় কুয়েট শিক্ষা, গবেষনা ক্ষেত্রে দ্রুত সামনের দিকে এগিয়ে যাচ্ছে এবং এ প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা দেশের উন্নয়নে কাজ করে চলেছে। উদ্বোধনী অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন কমিটির সভাপতি ও মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. তারাপদ ভৌমিক।

এরপর সকাল পৌনে এগারোটায় অনুষ্ঠিত হয় আনন্দ শোভাযাত্রা। সকাল সোয়া ১১টা থেকে অডিটরিয়ামে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের উদ্ভাবিত বিভিন্ন প্রজেক্ট প্রদর্শনী, টেকনিক্যাল পেপার প্রেজেন্টেশন, আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এমপি। ৩টায় বিশ্ববিদ্যালয়ের নবনির্মিত লেদার ইঞ্জিনিয়ারিং ভবন এবং গেস্ট হাউজ কাম ক্লাব ভবনের শুভ উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি। এসময় গেস্ট হাউজ সংলগ্ন এলাকায় তিঁনি একটি গাছের চারা রোপন করেন। এছাড়া বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে দর্শনার্থীদের জন্য বিভিন্ন বিভাগের ল্যাবসমূহ উন্মুক্তকরণ, প্রধান অতিথির সাথে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের মতবিনিময়, ছাত্র-শিক্ষক প্রীতি ফুটবল ম্যাচ, দোয়া মাহফিল এবং সন্ধ্যায় শিক্ষার্থীদের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

## যথাযথ মর্যাদায় শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত



বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আলোর মিছিলের নেতৃত্ব দেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

(৩য় পৃষ্ঠার পর) এমই অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার এবং অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোস্তফা সারোয়ার, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি জি. এম. শহিদুল আলম, বাংলাদেশ ছাত্রলীগ কুয়েট শাখার সাধারণ সম্পাদক আলী ইমতিয়াজ সোহান, ৩য় শ্রেণী কর্মচারী সমিতির সাধারণ সম্পাদক মোঃ ইমরুল ইসলাম। স্বাগত বক্তৃতা করেন সহকারী পরিচালক (ছাত্র কল্যাণ) বিষ্ণু সরকার এবং অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সেকশন অফিসার (গ্রেড-১) মনোজ কুমার মজুমদার। এছাড়া বাদ আসর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে দোয়ার অনুষ্ঠান, সন্ধ্যায় আলোর মিছিল এবং অডিটোরিয়ামে শহীদ বুদ্ধিজীবী মুনির চৌধুরীর কবর নাটক মঞ্চস্থ হয়।

## যথাযথ মর্যাদায় জাতীয় শোক দিবস পালিত



জাতীয় শোক দিবস ২০১৬ উপলক্ষ্যে শোকসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয় সংসদের খুলনা-৩ আসনের মাননীয় সংসদ সদস্য বেগম মন্নুজান সুফিয়ান।

(৩য় পৃষ্ঠার পর) উল্লেখ্য, জাতীয় শোক দিবস ২০১৬ উপলক্ষ্যে গত ১৪ আগষ্ট রবিবার বিকাল সাড়ে ৩টায় অডিটরিয়ামে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এবং মূখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ৭১' এর ঘাতক দালাল নির্মূল কমিটি খুলনার সভাপতি ডাঃ শেখ বাহারুল আলম। পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়ার সভাপতিত্বে এবং জনসংযোগ শাখার সেকশন অফিসার (গ্রেড-১) মনোজ কুমার মজুমদার এর সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাহবুব আলম, এমই অনুষদের ডীন প্রফেসর ড. তারাপদ ভৌমিক। অন্যান্যের মধ্যে আলোচনায় অংশগ্রহন করেন ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোস্তফা সরোয়ার, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি জি এম শহিদুল আলম, বাংলাদেশ ছাত্রলীগ কুয়েট শাখার সভাপতি সাফায়াত হোসেন নয়ন, সাধারণ সম্পাদক আলী ইমতিয়াজ সোহান, কর্মচারী সমিতির (৩য় শ্রেণী) সভাপতি মোঃ মামুনুর রশীদ জুয়েল। (৬ষ্ঠ পৃষ্ঠায় দেখুন)

## বিজ্ঞান ও প্রযুক্তি নির্ভর জাতি গঠনে কুয়েট

(১ম পৃষ্ঠার পর) এবং সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। প্রধান অতিথির বক্তৃতায় মাননীয় প্রতিমন্ত্রী ড. শ্রী বীরেন শিকদার বলেন, বিজ্ঞান ও প্রযুক্তি নির্ভর একটি জাতি গঠনে এবং দেশকে বিজ্ঞান মনস্ক ও উন্নত প্রযুক্তির দেশে উন্নীত করতে কুয়েট গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। প্রযুক্তির মত কঠিন বিষয়ের মধ্যে ক্রীড়া প্রতিযোগিতা শিক্ষার্থীদের মনকে সজীব ও উজ্জীবিত করবে। সভাপতির বক্তৃতায় কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বলেন, স্কুল জীবন থেকেই খেলাধুলার চর্চা শুরু করতে হবে। খেলাধুলা মানুষের মনস্তাত্ত্বিক বিকাশে সহায়ক। বঙ্গবন্ধুর স্বপ্নের বাংলাদেশ গড়তে তরুণ সমাজকেই এগিয়ে আসতে হবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাহবুব আলম, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, মাঠাধ্যক্ষ প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার এবং ক্রীড়া কমিটির সভাপতি ও পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া। এসময় বিশ্ববিদ্যালয়ের ডীনবৃন্দ,ইনস্টিটিউট পরিচালকবৃন্দ, বিভাগীয় প্রধানগণ, পরিচালকবৃন্দ, হলের প্রভোস্ট ও সহকারী প্রভোষ্টগণ, বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগের শিক্ষক, কর্মকর্তা, ছাত্র-ছাত্রী ও কর্মচারীবৃন্দসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। অতিথিবৃন্দ দীর্ঘ সময় ধরে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের আকর্ষনীয় ক্রীড়াশৈলী উপভোগ করেন এবং বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। ১৮ ডিসেম্বর থেকে বিভিন্ন ইভেন্টের খেলা শুরু হয়ে মোট ৩৫টি ইভেন্টে এই ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় অমর একুশে হল চ্যাম্পিয়ন ট্রফি এবং ড. এম এ রশিদ হল রানার-আপ ট্রফি লাভ করে।

উল্লেখ্য, সকালে জাতীয় পতাকা উত্তোলন, বেলুন ও কবুতর উড়িয়ে ক্রীড়া প্রতিযোগিতার শুভ উদ্বোধন করেন কুয়েট ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

## যথাযথ মর্যাদায় শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত




কুয়েটে শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে শহীদ বুদ্ধিজীবী দিবস ২০১৬ উপলক্ষ্যে র‌্যালী, আলোচনা সভা, আলোর মিছিল ও নাটক অনুষ্ঠিত হয়েছে। শহীদ বুদ্ধিজীবী দিবস স্মরণে ১৪ ডিসেম্বর সকাল সাড়ে ১০টায় প্রশাসনিক ভবনের সামনে থেকে শুরু হওয়া শোক র‌্যালীতে নেতৃত্ব দেন কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। র‌্যালিটি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে থেকে শুরু হয়ে ক্যাম্পাস ও ফুলবাড়ীগেট এলাকা ঘুরে অডিটরিয়ামের সম্মুখে এসে শেষ হয়। সকাল ১১টায় অডিটরিয়ামে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতা করেন কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এসময় তিনি বলেন, দেশকে মেধা শুণ্য করার জন্যই ৭১ এর এই দিনে বেছে বেছে বুদ্ধিজীবীদেরকে হত্যা করা হয়েছিল। মুক্তিযুদ্ধকালীন সময়ে বুদ্ধিজীবীদের হারিয়ে দেশ শিক্ষা, চিকিৎসা, অর্থনীতিসহ বিভিন্ন ক্ষেত্রে অনেক পিছিয়ে পড়েছে, এ ক্ষতি পূরণ হওয়ার নয়। পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া'র সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতা করেন সিই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাহবুব আলম, ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক, (২য় পৃষ্ঠায় দেখুন)

## আচার্য প্রফুল্ল চন্দ্র রায়ের জন্মজয়ন্তী উদ্‌যাপিত




আচার্য প্রফুল্ল চন্দ্র রায় এর জন্মজয়ন্তী অনুষ্ঠানে অতিথিদের স্মারক সম্মাননা প্রদান করেন প্রধান অতিথি কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আচার্য প্রফুল্ল চন্দ্র রায় এর ১৫৫ তম জন্মজয়ন্তী উদযাপিত হয়েছে। ০২ আগষ্ট মঙ্গলবার অডিটরিয়ামে অনুষ্ঠিত অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। প্রধান অতিথির বক্তৃতায় কুয়েট ভিসি বলেন, আচার্য প্রফুল্ল চন্দ্র রায় একজন বিশ্ববিখ্যাত বিজ্ঞানী ও গবেষক। তাঁর আবিস্কার ও গবেষনা রসায়ন চর্চায় নতুন যুগের সৃষ্টি করে।

অনুষ্ঠানে আচার্য প্রফুল্ল চন্দ্র রায় এর জীবনীর উপর স্মারক বক্তৃতা করেন বিশিষ্ট শিক্ষাবিদ ও সরকারি বিএল কলেজের প্রাক্তন অধ্যক্ষ প্রফেসর সাধন রঞ্জন ঘোষ, 'ইলেকট্রোকেমিক্যাল টেকনোলজী ফর ইনভাইরনমেন্ট' শীর্ষক মেমোরিয়াল সায়েন্টিফিক লেকচার প্রদান করেন কুয়েটের রসায়ন বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ, স্বাগত বক্তৃতা ও সভাপতিত্ব করেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া এবং সঞ্চালনা করেন জনসংযোগ ও তথ্য শাখার সেকশন অফিসার (গ্রেড-১) মনোজ কুমার মজুমদার। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ অংশগ্রহণ করেন।

## যথাযথ মর্যাদায় জাতীয় শোক দিবস পালিত



জাতীয় শোক দিবস ২০১৬ উপলক্ষে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী, স্বাধীন বাংলাদেশের স্থাপতি, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৬ যথাযথ মর্যাদায় পালিত হয়েছে। ১৫ আগষ্ট সোমবার সূর্যোদয়ের সাথে সাথে প্রশাসনিক ভবন, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের বাসভবন ও হলসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা ও কালো পতাকা উত্তোলন করা হয়। সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। সকাল সাড়ে ১০টায় ক্যাম্পাসস্থ শহীদ মিনারের পাদদেশে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে বিশ্ববিদ্যালয়ের পক্ষে শ্রদ্ধা নিবেদন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এরপর শিক্ষক সমিতি, পরিচালক(ছাত্রকল্যাণ), বিভিন্ন হলের প্রভোস্টবৃন্দ, অফিসার্স এসোসিয়েশন, কুয়েট ছাত্রলীগ, ৩য় শ্রেণী কর্মচারী সমিতি, ৪র্থ শ্রেণী কর্মচারী সমিতি, মাস্টাররোল কর্মচারী সমিতি, বঙ্গবন্ধু কর্মচারী পরিষদ, খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি মাধ্যমিক বিদ্যালয় এর পক্ষ থেকে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করা হয়। আসর বাদ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে অনুষ্ঠিত হয় দোয়া মাহ্‌ফিল। এছাড়া বিকাল সাড়ে ৩টা থেকে শিক্ষক সমিতির আয়োজনে আলোচনা সভা অনুষ্ঠিত হয় (২য় পৃষ্ঠায় দেখুন)

## "বাংলাদেশ দুর্নীতির কাছে পরাজিত হবেনা"

-কুয়েট ভাইস-চ্যান্সেলর



কুয়েটে টিআইবি-কেডিএস আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে টিআইবি ও কুয়েট ডিবেটিং সোসাইটির (কেডিএস) আয়োজনে তিনদিন ব্যাপী টিআইবি-কেডিএস আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক উৎসব ২০১৬ অনুষ্ঠিত হয়েছে। ০১ অক্টোবর শনিবার সন্ধ্যায় কুয়েট অডিটরিয়ামে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এবং বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন টিআইবি'র আউটরিচ এন্ড কমিউনিকেশন পরিচালক ড. রিজওয়ান-উল-আলম। প্রধান অতিথির বক্তৃতায় কুয়েট ভিসি বলেন, "বাংলাদেশ দুর্নীতির কাছে পরাজিত হবে না। সকলে একত্রিত হলে এদেশ থেকে দুর্নীতি দুর করা সম্ভব হবে। তিঁনি আরো বলেন, দুর্নীতি দুর করতে বিতর্কের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে, কেননা বিতর্ক যুক্তির মাধ্যমে সত্য ও ন্যায়কে প্রতিষ্ঠা করে।" (১৪ পৃষ্ঠায় দেখুন)

## এ্যাওয়ার্ড প্রদান শিক্ষার্থীদের মেধার স্বীকৃতি

-কুয়েট ভাইস-চ্যান্সেলর




কুয়েটের ইইই অনুষদের ডীন এ্যাওয়ার্ড প্রাপ্ত শিক্ষার্থীদের মাঝে প্রধান অতিথি ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরসহ অন্যান্য অতিথিবৃন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) অনুষদের আয়োজনে ০৯ আগষ্ট মঙ্গলবার বিকাল সাড়ে ৪টায় অডিটরিয়ামে ডীন এ্যাওয়ার্ড প্রাপ্ত অনুষদভূক্ত বিভিন্ন বিভাগের শিক্ষার্থীদের সার্টিফিকেট প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। প্রধান অতিথির বক্তৃতায় তিঁনি বলেন, এ্যাওয়ার্ড প্রদান শিক্ষার্থীদের মেধার স্বীকৃতি। অন্যরাও অনুপ্রাণিত হবে, যাতে তাঁরাও পরবর্তীতে এধরনের স্বীকৃতি পেতে পারে। অনুষ্ঠানে ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ ওসমান গণি'র সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইইই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. আশরাফুল গনি ভূঁইয়া, সিএসই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মুহাম্মদ শেখ সাদী, ইসিই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ ফারুক হোসেন, বিএমই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ শাহজাহান, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া এবং অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জনসংযোগ ও তথ্য শাখার সেকশন অফিসার (গ্রেড-১) মনোজ কুমার মজুমদার। (৯ম পৃষ্ঠায় দেখুন)

## পঞ্চম আন্তঃ বিভাগ বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত




কুয়েটে অনুষ্ঠিত পঞ্চম আন্তঃবিভাগ বিতর্ক প্রতিযোগিতায় প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটির (কেডিএস) আয়োজনে কুয়েটে পঞ্চম আন্তঃবিভাগ বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। ২৫ জুলাই সন্ধা ৭টায় অনুষ্ঠিত আকর্ষনীয় এই বিতর্ক প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। কেডিএস এর মডারেটর ও ইউআরপি বিভাগের প্রভাষক তন্ময় চক্রবর্তীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এমই অনুষদের ডীন প্রফেসর ড. তারাপদ ভৌমিক ও পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া।

বাংলা বিতর্কে বিশ্ববিদ্যালয়ের ইউআরপি বিভাগ চ্যাম্পিয়ন ও ইইই বিভাগ রানার-আপ, ইংরেজি বিতর্কে বিইসিএম বিভাগ চ্যাম্পিয়ন ও ইউআরপি বিভাগ রানার-আপ হওয়ার গৌরব অর্জন করে। ম্যান অব দ্যা ম্যাচ, ম্যান অব দ্যা ফাইনাল এবং ২০১৫ ব্যাচের শিক্ষার্থীদের বারোয়ারী বিতর্কে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে ইইই বিভাগের তূর্য।

## সন্ত্রাস ও জঙ্গীবাদ বিরোধী মানববন্ধন, আলোচনা সভা



কুয়েটে সন্ত্রাস ও জঙ্গীবাদ বিরোধী মানববন্ধনকালীন সমাবেশে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস ও জঙ্গীবাদ বিরোধী মানববন্ধন, আলোচনা সভা ও গণস্বাক্ষর গ্রহণ অনুষ্ঠিত হয়েছে। ০১ আগষ্ট সোমবার সকাল ১১টা থেকে ১২টা পর্যন্ত ক্যাম্পাসের দুর্বার বাংলা'র সম্মুখে এ কর্মসূচী পালিত হয়। কর্মসূচীতে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন। এসময় তিঁনি বলেন, মুক্তিযুদ্ধের পরাজিত শক্তিরাই জঙ্গীবাদের মদতদাতা। বাংলাদেশের অগ্রযাত্রা যারা রুখতে চায় তাদের ইন্ধনেই জঙ্গীরা চলছে।

মানববন্ধনকালীন সমাবেশে আরো বক্তৃতা করেন সিই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাহবুব আলম, এমই অনুষদের ডীন প্রফেসর ড. তারাপদ ভৌমিক, পরিচালক (পওউ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া, রোকেয়া হলের ভারপ্রাপ্ত প্রভোষ্ট সুহেলী সায়লা আহমদ, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি জি. এম. শহিদুল আলম, সহকারী প্রকৌশলী হুসাইন মোঃ এরশাদ, বাংলাদেশ ছাত্রলীগ কুয়েট শাখার সভাপতি সাফায়াত হোসেন নয়ন, সাধারণ সম্পাদক আলী ইমতিয়াজ সোহান, কর্মচারী সমিতির সাধারণ সম্পাদক ইমরুল ইসলাম। মানববন্ধন ও আলোচনা শেষে গণস্বাক্ষর গ্রহণ কর্মসূচী পালিত হয়।

এছাড়া গত ২৬ জুলাই মঙ্গলবার মুক্তিযুদ্ধের ভাস্কর্য "দুর্বার বাংলা"র পাদদেশে বাংলাদেশ ছাত্রলীগ, কুয়েট শাখার আয়োজনে দেশ ব্যাপী জঙ্গীবাদ, গুপ্তহত্যা, সন্ত্রাসী কর্মকান্ডের প্রতিবাদে অনুষ্ঠিত মানববন্ধন কর্মসূচীতে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

## কুয়েটে যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস পালিত



মহান বিজয় দিবস ২০১৬ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের মুক্তিযুদ্ধের ভাস্কর্য 'দুর্বার বাংলা'র পাদদেশে শ্রদ্ধা নিবেদন করেন কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

(শেষ পৃষ্ঠার পর) জাতীয় পতাকা উত্তোলন করা হয়। সকাল সাড়ে ৯টায় "দুর্বার বাংলা" চত্বরে পরিবেশিত হয় জাতীয় সংগীত ও গণসংগীত। দুপুর সাড়ে ৩টায় বিশ্ববিদ্যালয়ের খেলার মাঠে শিক্ষক ও ছাত্রদের মধ্যে প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হয়। এছাড়া, বাদ আসর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে দোয়ার অনুষ্ঠান এবং সন্ধ্যায় অডিটরিয়ামে মহান বিজয় দিবস উপলক্ষ্যে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এর আগে গত ১৫ ডিসেম্বর বিকালে বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে মহান বিজয় দিবস উপলক্ষে শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

# "শহীদ মিনার" নির্মাণ কাজের উদ্বোধন



কুয়েটে শহীদ মিনারের নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে "শহীদ মিনার" নির্মাণ কাজ ৩১ অক্টোবর সোমবার সকাল সাড়ে ১০টায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শুভ উদ্বোধন করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এসময় তিনি নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কাজ সম্পন্ন করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেন এবং মাননীয় প্রধানমন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার ও প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশিদ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জনসংযোগ ও তথ্য শাখার সেকশন অফিসার (গ্রেড-১) মনোজ কুমার মজুমদার। উদ্বোধন শেষে বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়।

উল্লেখ্য, জাতীয় শহীদ মিনারের আদলে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠের দক্ষিণ প্রান্তে ২২২২ বর্গমিটার এলাকা নিয়ে মোট ১২.৩৯ মিটার উচ্চতার এ শহীদ মিনার নির্মিত হচ্ছে। উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডীন, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, পরিচালক, রেজিস্ট্রার, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

# কুয়েট ক্যাম্পাসস্থ স্কুলের গেট এর নির্মাণ কাজের উদ্বোধন



কুয়েট ক্যাম্পাসস্থ বিদ্যালয়সমূহের গেটের নির্মাণ কাজ উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসস্থ খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল ও উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের গেটের নির্মাণ কাজ ১৪ নভেম্বর সোমবার দুপুর ১২টায় প্রধান অতিথি হিসেবে উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এসময় তিনি নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কাজ সম্পন্ন করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেন এবং প্রধানমন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনসহ সংশিষ্ট সকলকে ধন্যবাদ জানান। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশিদ, নির্বাহী প্রকৌশলী ড. মোঃ জুলফিকার হোসেন, সহকারী প্রকৌশলী মোঃ আসলাম পারভেজ ও মোঃ রাজিব সরদার, খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুলের প্রধান শিক্ষক টি এম ছানাউর রহমান, স্কুলের শিক্ষকমন্ডলী, ছাত্র-ছাত্রীসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

# অফিসার্স ক্লাবের উদ্বোধন



কুয়েটে অফিসার্স ক্লাবের উদ্বোধন শেষে কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর ও বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাবৃন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে অফিসার্স ক্লাবের জন্য নতুন ক্লাব ভবনের উদ্বোধন ২০ নভেম্বর বিকাল ৪টায় অনুষ্ঠিত হয়। কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অফিসার্স ক্লাবের উদ্বোধন করেন। এসময় বক্তৃতা করেন এমই অনুষদের ডীন প্রফেসর ড. তারাপদ ভৌমিক, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি ও রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) জি এম শহিদুল আলম, প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশীদ, উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) মোঃ আনিছুর রহমান ভূঞা, নির্বাহী প্রকৌশলী ড. মোঃ জুলফিকার হোসেন এবং এসোসিয়েশনের সাধারণ সম্পাদক মোঃ মাহমুদুল হাসান। উদ্বোধন শেষে দোয়া অনুষ্ঠিত হয়।

# সিনিয়র শিক্ষক ও কর্মকর্তাদের আবাসিক ভবন উদ্বোধন



কুয়েটে সিনিয়র শিক্ষক ও কর্মকর্তাদের জন্য নতুন আবাসিক ভবনের নির্মাণ কাজ শেষে উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে সিনিয়র শিক্ষক ও কর্মকর্তাদের জন্য নতুন আবাসিক ভবনের নির্মাণ কাজ শেষে উদ্বোধন করা হয়েছে। ১৪ জুলাই বৃহস্পতিবার সকাল সাড়ে ১১টায় উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এ সময় বক্তৃতা করেন পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশীদ। উদ্বোধন শেষে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর নতুন আবাসিক ভবন পরিদর্শন করেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, সরকার অনুমোদিত "ডেভেলপমেন্ট অব ইনফ্রাস্ট্রাকচার ফ্যাসালিটিজ অব কুয়েট" শীর্ষক প্রকল্পের আওতায় কুয়েটের এ আবাসিক ভবন নির্মাণ কাজ সম্পন্ন করা হয়।

# কুয়েটেই হচ্ছে খুলনার "হাই-টেক পার্ক"

(১ম পৃষ্ঠার পর) বিশ্ববিদ্যালয়ের ডীনবৃন্দ, ইনস্টিটিউট পরিচালক, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানগণ, পরিচালকগণসহ হাই-টেক পার্ক সংশ্লিষ্ট শিক্ষক ও কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে হাই-টেক পার্ক সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। এরপর হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ব্যবস্থাপনা পরিচালক বেগম হোসনে আরা পার্কের জন্য নির্ধারিত স্থান পরিদর্শন করেন এসময় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরসহ সংশ্লিষ্টরা সঙ্গে ছিলেন।

পরিদর্শনকালীন সময়ে হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ব্যবস্থাপনা পরিচালক বেগম হোসনে আরা বলেন, দ্রুততম সময়ের মধ্যে পার্কের নির্মাণ কাজ শুরু হবে। প্রকৌশল শিক্ষার অন্যতম বিদ্যাপীঠ কুয়েটে পার্কটি নির্মিত হওয়ায় এর সুফলের বিষয়ে আমরা নিশ্চিত। এ প্রসঙ্গে কুয়েট ভিসি (১৪ পৃষ্ঠায় দেখুন)

## প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও সজীব ওয়াজেদ জয়কে কুয়েট ভিসি'র অভিনন্দন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা "প্লানেট ৫০-৫০ চ্যাম্পিয়ন" ও "এজেন্ট অব চেঞ্জ অ্যাওয়ার্ড" পুরস্কার পাওয়ায় এবং প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় 'ডেভেলপমেন্ট অ্যাওয়ার্ড ফর আইসিটি' পুরস্কার পাওয়ায় আন্তরিক অভিনন্দন জানান খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। অভিনন্দন বার্তায় কুয়েট ভিসি বলেন, উভয়ের পুরস্কার প্রাপ্তি বাংলাদেশের মানুষের জন্য অনন্য মর্যাদার, সমগ্র দেশের মানুষ আনন্দিত। মাননীয় প্রধানমন্ত্রীর বলিষ্ঠ নেতৃত্ব ও দূরদর্শীতা দেশকে সামনের দিকে এগিয়ে নিয়ে চলেছে। ডিজিটাল বাংলাদেশ গঠনে মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা এবং প্রধানমন্ত্রীর উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় যে দৃষ্টান্ত স্থাপন করেছেন তা আমাদের মত একটি দেশের জন্য বিরল। বিভিন্ন ক্ষেত্রে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সময় উপোযোগী পদক্ষেপ বাংলাদেশকে উন্নয়নের এ পর্যায়ে আনয়ন করতে সক্ষম হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং তাঁর উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়কে অভিনন্দন জানিয়ে আরো বলেন, আন্তর্জাতিক ক্ষেত্রে একের পর এক সাফল্য বাংলাদেশকে বিশ্বের দরবারে নতুন সম্মানে সম্মানিত করছে, ফলে আমরা ডিজিটাল বিশ্বের সাথে তাল মিলিয়ে চলতে সক্ষমতা অর্জন করছি।

## কুয়েট শিক্ষক সমিতির ঈদ ও পূজা পুনর্মিলনী অনুষ্ঠিত

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) শিক্ষক সমিতির আয়োজনে ঈদ ও পূজা পুনর্মিলনী অনুষ্ঠিত হয়। ১৮ অক্টোবর মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ক্লাবে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। কুয়েট শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, সাধারণ সম্পাদক প্রফেসর ড. সোবহান মিয়াসহ অনুষ্ঠানে কুয়েট শিক্ষক সমিতির নেতৃবৃন্দসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ অংশগ্রহণ করেন।

## যথাযথ মর্যাদায় জাতীয় শোক দিবস পালিত

(২য় পৃষ্ঠার পর) জাতীয় শোক দিবস উপলক্ষে ১২ আগস্ট বাংলাদেশ ছাত্রলীগ কুয়েট শাখা আয়োজিত শোকসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয় সংসদের খুলনা-৩ আসনের মাননীয় সংসদ সদস্য বেগম মন্নুজান সুফিয়ান এম.পি.। শোকসভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, কুয়েট শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার ও সহকারী পরিচালক (ছাত্র কল্যাণ) উসমান গণি নাঈম। বাংলাদেশ ছাত্রলীগ কুয়েট শাখার সভাপতি সাফায়াত হোসেন নয়নের সভাপতিত্বে সভাটি সঞ্চালনা করেন সাধারণ সম্পাদক আলী ইমতিয়াজ সোহান।

অফিসার্স এসোসিয়েশনের আয়োজনে ১৭ আগষ্ট বিকাল ৪টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সভাকক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। অফিসার্স এসোসিয়েশনের সভাপতি জি এম শহিদুল আলম এর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মোঃ মাহমুদুল হাসান এর সঞ্চালনায় আলোচনায় অংশগ্রহন করেন লাইব্রেরীয়ান আক্কাস উদ্দিন পাঠান, উপ-পরিচালক (পওউ) মোঃ আনিছুর রহমান ভূঞা, সহকারী প্রকৌশলী হুসাইন মোঃ এরশাদ, সেকশন অফিসার (গ্রেড-১) মনোজ কুমার মজুমদার। আলোচনা সভা শেষে দোয়া মাহফিল পরিচালনা করেন কেন্দ্রীয় জামে মসজিদের ইমাম মোঃ শরীফুল ইসলাম।

## আন্তর্জাতিক কনফারেন্স 'ICMIEE 2016' অনুষ্ঠিত

(শেষ পৃষ্ঠার পর) এবং ধন্যবাদ জ্ঞাপন করে বক্তৃতা করেন সম্মেলন অর্গানাইজিং কমিটির সদস্য-সচিব প্রফেসর মোঃ গোলাম কাদের।

২৭ ডিসেম্বর বিকালে এমই বিভাগের সেমিনার কক্ষে সম্মেলনের আনুষ্ঠানিক সমাপ্তি ঘোষনা করেন সম্মেলন অর্গানাইজিং কমিটির চেয়ারম্যান ও এমই অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার।

দেশের শিল্পের সমৃদ্ধি ও আধুনিক শিল্পায়ন তথা দেশের সকল ক্ষেত্রে আধুনিক তথ্য-প্রযুক্তির ব্যবহার, বিশ্বের বিভিন্ন দেশের খ্যাতনামা গবেষক, প্রকৌশলীগণের সাথে আমাদের দেশের গবেষক, প্রকৌশলীগণের চিন্তা দর্শনের বিনিময় এবং উভয়ের মধ্যে সেতুবন্ধন তৈরীর জন্য এ সম্মেলনের আয়োজন করা হয়। (১২ পৃষ্ঠায় দেখুন)

## কুয়েট পরিদর্শনে পরিকল্পনা কমিশনের সদস্য মোঃ আব্দুল মান্নান



কুয়েট পরিদর্শনকালীন সময়ে পরিকল্পনা কমিশনের সদস্য মোঃ আব্দুল মান্নান ও বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরসহ অন্যান্যরা।

২৩ সেপ্টেম্বর শুক্রবার খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় পরিদর্শন করেছেন পরিকল্পনা কমিশনের সদস্য (পরিকল্পনা আর্থ-সামাজিক অবকাঠামো উন্নয়ন) মোঃ আব্দুল মান্নান। এসময় তিনি বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো ও একাডেমিক বিভিন্ন উন্নয়ন চিত্র সরেজমিন পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি প্রকল্পগুলির অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন। পরিদর্শনকালীন সময়ে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, পরিচালক (পওউ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশীদ, উপ-পরিচালক (পওউ) মোঃ আনিছুর রহমান ভূঞা, নির্বাহী প্রকৌশলী ড. মোঃ জুলফিকার হোসেনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

## জঙ্গিবাদ ও সন্ত্রাস বিরোধী আলোচনা সভা




কুয়েটে জঙ্গীবাদ ও সন্ত্রাস বিরোধী আলোচনা সভা অনুষ্ঠিত।

০৩ সেপ্টেম্বর শনিবার দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে জঙ্গিবাদ ও সন্ত্রাস বিরোধী আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে বিকাল ৩টায় অনুষ্ঠিত সভায় প্রধান অতিথির বক্তৃতা করেন এমই অনুষদের ডীন প্রফেসর ড. তারাপদ ভৌমিক, বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার এবং প্রধান আলোচক ছিলেন রোকেয়া হলের ভারপ্রাপ্ত প্রভোষ্ট সুহেলী সায়লা আহমদ। সহকারী পরিচালক (ছাত্র কল্যাণ) মোঃ ওসমান গনি নাঈম এর সভাপতিত্বে এবং সেকশন অফিসার (গ্রেড-১) মনোজ কুমার মজুমদার এর সঞ্চালনায় আলোচনা সভায় আরো বক্তৃতা করেন ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোস্তফা সারোয়ার, ড. এম এ রশিদ হলের প্রভোষ্ট ড. পিন্টু চন্দ্র শীল, অফিসার্স এসোসিয়েশনের সাধারণ সম্পাদক মোঃ মাহমুদুল হাসান, বাংলাদেশ ছাত্রলীগ কুয়েট শাখার সভাপতি সাফায়াত হোসেন নয়ন এবং কর্মচারী সমিতির (৩য় শ্রেণী) সাধারণ সম্পাদক মোঃ ইমরুল ইসলাম। আলোচনা সভায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

## কুয়েটে 'ক্যাম্পাস সিকিউরিটি সিস্টেম ডেভলপমেন্ট' বিষয়ক সভা অনুষ্ঠিত

(১৯ পৃষ্ঠার পর) ডীন প্রফেসর ড. মোঃ মাহবুব আলম। সভায় এমই অনুষদের ডীন প্রফেসর ড. তারাপদ ভৌমিক, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, পরিচালক (ছাত্র কল্যাণ), বিভিন্ন হল প্রভোষ্ট, রেজিস্ট্রার, লাইব্রেরীয়ান, প্রধান প্রকৌশলী, প্রধান চিকিৎসা কর্মকর্তা, নিরাপত্তা কমিটির চেয়ারম্যান ও সংশ্লিষ্ট শিক্ষক, কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় সিআইবিএল টেকনোলজী কনসালটেন্টস লিমিটেড এর প্রতিনিধি দলটি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থান কিভাবে সিসি টিভি ক্যামেরার আওতায় আনা যায় সে বিষয়ে প্রেজেন্টেশন উপস্থাপন করেন।

# আইকিউএসি'র আয়োজনে ট্রেইনিং প্রোগ্রাম অনুষ্ঠিত




কুয়েটে আইকিউএসি'র ট্রেইনিং প্রোগ্রামে রিসোর্স পার্সন প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেনকে ক্রেস্ট প্রদান করেন অনুষ্ঠানের প্রধান অতিথি কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইন্‌স্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) আয়োজিত "রোল এন্ড রিসপনসিবিলিটি এন্ড ইথিক্যাল প্রিন্সিপালস অব দি ইউনিভার্সিটি টিচার" শীর্ষক ট্রেইনিং প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। ১৬ জুলাই শনিবার সকাল ১০টায় প্রশাসনিক ভবনের সভাকক্ষে ট্রেইনিং প্রোগ্রামের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথি ছিলেন সিই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাহবুব আলম ও ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ ওসমান গনি। ট্রেইনিং প্রোগ্রামের টেকনিক্যাল সেশনে রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাইক্রোবায়োলজী বিভাগের প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. তারাপদ ভৌমিক এবং স্বাগত বক্তৃতা করেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সেকশন অফিসার (গ্রেড-১) মনোজ কুমার মজুমদার। টেকনিক্যাল সেশন শেষে উন্মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়।

# গণিত বিভাগে ওয়ার্কশপ অনুষ্ঠিত




কুয়েটের গণিত বিভাগের টীম বিল্ডিং ওয়ার্কশপে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটি কর্তৃক আয়োজিত "টীম বিল্ডিং ওয়ার্কশপ: সেল্ফ-এসেসমেন্ট এন্ড কোয়ালিটি অ্যাসুরেন্স ইন হায়ার এডুকেশন ইন ম্যাথমেটিকস ডিপার্টমেন্ট" শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। ১৮ জুলাই বৃহস্পতিবার সকাল ১০টায় সিএসই বিভাগের সেমিনার রুমে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। গণিত বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ বজলার রহমানের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন সিই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাহবুব আলম ও পরিচালক, আইকিউএসি প্রফেসর ড. তারাপদ ভৌমিক। ট্রেইনিং প্রোগ্রামের রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন কুয়েটের ইইই বিভাগের প্রফেসর ড. মোঃ নুরুন্নবী মোল্লা ও গণিত বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ আরিফ হোসেন। অনুষ্ঠানে স্বাগত বক্তৃতা করেন গণিত বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. এম এম তৌহিদ হোসেন। ওয়ার্কশপে বিশ্ববিদ্যালয়ের ডীনবৃন্দ, ইনস্টিটিউট পরিচালকবৃন্দ, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানগণ, পরিচালকবৃন্দ, দপ্তর প্রধানগণসহ বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

# আইকিউএসি'র "গুড গভর্নেন্স" শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত




কুয়েটে 'গুড গভর্নেন্স' শীর্ষক ওয়ার্কশপে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে দিনব্যাপী "গুড গভর্নেন্স (অফিস এন্ড ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট)" শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। ২০ জুলাই শনিবার সকাল ০৯টায় প্রশাসনিক ভবনের সভাকক্ষে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

বিশ্ববিদ্যালয়ের আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. তারাপদ ভৌমিক এর সভাপতিত্বে স্বাগত বক্তৃতা করেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। ওয়ার্কশপে রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত থেকে টেকনিক্যাল সেশন পরিচালনা করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পাবলিক এ্যাডমিনিসট্রেশন বিভাগের সাবেক শিক্ষক প্রফেসর ড. তোফায়েল আহমেদ ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অফ বিজনেস এ্যাডমিনিসট্রেশনের সাবেক পরিচালক প্রফেসর ড. অভিনয় চন্দ্র সাহা এবং ওয়ার্কশপটি সঞ্চালনা করেন সেকশন অফিসার (গ্রেড-১) মনোজ কুমার মজুমদার। ওয়ার্কশপে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ ও কর্মকর্তাবৃন্দ অংশগ্রহন করেন।

# সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে ওয়ার্কশপ অনুষ্ঠিত




কুয়েটে সেল্ফ এ্যাসেসমেন্ট বিষয়ক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সিই বিভাগের আয়োজনে ২৬ জুলাই মঙ্গলবার সেল্ফ এ্যাসেসমেন্ট বিষয়ক দিনব্যাপি ওয়ার্কশপ বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। সকাল ১১টায় কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথি ছিলেন সিই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাহাবুব আলম ও আইকিউএসি এর পরিচালক প্রফেসর ড. তারাপদ ভৌমিক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সিই বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ মঞ্জুর হোসেন। ওয়ার্কশপের টেকনিক্যাল সেশনে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন সিই বিভাগের প্রফেসর ড. মোঃ মঞ্জুর হোসেন এবং প্রফেসর ড. কাজী হামিদুল বারী।

## "বিশ্ববিদ্যালয়ের গুনগত মান অবশ্যই নিশ্চিত করতে হবে"

-কুয়েট ভাইস-চ্যান্সেলর




কুয়েটে "ডাটা এনালাইসিস এন্ড সেল্ফ অ্যাসেসমেন্ট রিপোর্ট রাইটিং" শীর্ষক ওয়ার্কশপে প্রধান অতিথির বক্তৃতা করেন কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে দিনব্যাপী "ডাটা এনালাইসিস এন্ড অ্যাসেসমেন্ট রিপোর্ট রাইটিং" শীর্ষক ওয়ার্কশপ ০৫ নভেম্বর শনিবার অনুষ্ঠিত হয়েছে। সকাল ১০টায় প্রশাসনিক ভবনের সভাকক্ষে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এসময় তিনি বলেন, ইউজিসি'র কোয়ালিটি এ্যাসুরেন্স বিষয়ক কর্মকান্ডসমূহের সুফল অনেকক্ষেত্রে দৃশ্যমান না হলেও এ কার্যক্রম সুদূর প্রসারী। যেভাবেই হোক আমাদেরকে বিশ্ববিদ্যালয়ের গুনগত মান নিশ্চিত করতে হবে।

বিশ্ববিদ্যালয়ের আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. তারাপদ ভৌমিক এর সভাপতিত্বে ওয়ার্কশপে রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত থেকে টেকনিক্যাল সেশন পরিচালনা করেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) হেকেপ প্রকল্পের কোয়ালিটি এ্যাসুরেন্স ইউনিটের (কিউএইউ) কোয়ালিটি এ্যাসুরেন্স স্পেশালিস্ট প্রফেসর ড. এম. আবুল কাশেম ও প্রফেসর ড. সঞ্জয় কুমার অধিকারী এবং ওয়ার্কশপটি সঞ্চালনা করেন জনসংযোগ ও তথ্য শাখার সেকশন অফিসার (গ্রেড-১) মনোজ কুমার মজুমদার।

## বিএমই বিভাগে প্রশিক্ষণ ও ল্যাবের উদ্বোধন




কুয়েটে বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রশিক্ষণ কর্মসূচীতে প্রধান অতিথির বক্তৃতা করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে দুই দিনব্যাপী প্রশিক্ষণ কর্মসূচী ও দুইটি ল্যাবের উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। ২৪ অক্টোবর দুপুর ১২টায় বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের সেমিনার কক্ষে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে "ইমপ্রুভমেন্ট অব পোষ্ট গ্রাজুয়েট রিসার্চ বাই ইমপ্লিমেন্টিং এ্যাডভান্সড রিসার্চ ল্যাবরেটরিস অব বয়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং (সিপি ৩৪৭২)" উপ প্রকল্পের নিউরোইমেজিং ল্যাবরেটরী ইকুইপমেন্ট এবং এডভান্সড বায়োমেডিক্যাল সিগন্যাল প্রোসেসিং ল্যাবরেটরী ইকুইপমেন্ট শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচীর উদ্বোধন করেন। এসময় প্রধান অতিথি এনআই ল্যাব এবং এবিএসপি নামে নতুন দুইটি ল্যাব উদ্বোধন করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক, ইউএআইএফএস এর প্রধান প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, বিএমই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ নুরুন্নবী মোল্লা। অনুষ্ঠানে স্বাগত বক্তৃতা করেন সাব-প্রজেক্ট ম্যানেজার প্রফেসর ড. মহিউদ্দিন আহমদ।

## সিএসই বিভাগে ওয়ার্কশপ অনুষ্ঠিত




সিএসই বিভাগের "টীম বিল্ডিং ওয়ার্কশপে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির আয়োজনে দিনব্যাপী "টীম বিল্ডিং ওয়ার্কশপঃ সেল্ফ-এ্যাসেসমেন্ট এন্ড কোয়ালিটি অ্যাসুরেন্স ইন হায়ার এডুকেশন" শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। ২৮ সেপ্টেম্বর বুধবার সকাল ১০টায় সিএসই বিভাগের সেমিনার কক্ষে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। সিএসই বিভাগের প্রধান ও সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির চেয়ারম্যান প্রফেসর ড. শেখ সাদী এর সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. তারাপদ ভৌমিক এবং ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক। টেকনিক্যাল সেশনে রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন সিএসই বিভাগের প্রফেসর ড. এম এম এ হাসেম, সিই বিভাগের প্রফেসর ড. মোঃ মঞ্জুর হোসেন, এমই বিভাগের প্রফেসর ড. মোঃ কুতুব উদ্দিন।

## আইইএম বিভাগে ওয়ার্কশপ অনুষ্ঠিত




আইইএম বিভাগের "টীম বিল্ডিং ওয়ার্কশপে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আইইএম বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটি কর্তৃক আয়োজিত "টীম বিল্ডিং ওয়ার্কশপঃ সেল্ফ-এসেসমেন্ট এন্ড কোয়ালিটি এ্যাসুরেন্স ইন হায়ার এডুকেশন" শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। ২৮ নভেম্বর সোমবার সকাল ১০টায় আইইএম বিভাগে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। আইইএম বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির চেয়ারম্যান সুব্রত তলাপাত্র এর সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন পরিচালক, আইকিউএসি প্রফেসর ড. তারাপদ ভৌমিক। ট্রেইনিং প্রোগ্রামে রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত থেকে টেকনিক্যাল সেশন পরিচালনা করেন কুয়েটের এমই বিভাগের প্রফেসর ড. কুতুব উদ্দিন এবং পরিচালক, আইআইসিটি প্রফেসর ড. বাসুদেব চন্দ্র ঘোষ।

# পদার্থবিদ্যা বিভাগে ওয়ার্কশপ অনুষ্ঠিত



পদার্থবিদ্যা বিভাগ আয়োজিত ওয়ার্কশপে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পদার্থবিদ্যা বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটি আয়োজিত "টীম বিল্ডিং ওয়ার্কশপ: সেল্ফ-এসেসমেন্ট এন্ড কোয়ালিটি এ্যাসুরেন্স ইন হায়ার এডুকেশন ইন দি ডিপার্টমেন্ট অব ফিজিক্স" শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। ৩০ নভেম্বর বুধবার সকাল ১০টায় সিই বিভাগের সেমিনার কক্ষে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। পদার্থবিদ্যা বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির চেয়ারম্যান প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার এর সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন সিই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাহবুব আলম এবং পরিচালক, আইকিউএসি প্রফেসর ড. তারাপদ ভৌমিক। স্বাগত বক্তৃতা করেন প্রফেসর ড. মোঃ আব্দুল্লাহ ইলিয়াস আক্তার। টেকনিক্যাল সেশনে রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর ড. মোঃ মাহবুব আলম, প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার ও প্রফেসর ড. মোঃ আব্দুল্লাহ ইলিয়াস আক্তার।

# ইউআরপি বিভাগে টিম বিল্ডিং ওয়ার্কশপ অনুষ্ঠিত




ইউআরপি বিভাগ আয়োজিত ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরসহ অন্যান্য অতিথিবৃন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আরবান এন্ড রিজিওনাল প্লানিং (ইউআরপি) বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটি কর্তৃক আয়োজিত "টীম বিল্ডিং ওয়ার্কশপ: সেল্ফ-এসেসমেন্ট এন্ড কোয়ালিটি অ্যাসুরেন্স ইন হায়ার এডুকেশন ইন দি ডিপার্টমেন্ট অব ইউআরপি" শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। ৭ ডিসেম্বর বুধবার সকাল ১০টায় ইউআরপি বিভাগে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ইউআরপি বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার এর সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন সিই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাহবুব আলম এবং পরিচালক, আইকিউএসি প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। স্বাগত বক্তৃতা করেন ইউআরপি বিভাগের সহকারী অধ্যাপক তুষার কান্তি রায়। রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত থেকে টেকনিক্যাল সেশন পরিচালনা করেন আইআইসিটি এর পরিচালক প্রফেসর ড. বাসুদেব চন্দ্র ঘোষ, এমই বিভাগের প্রফেসর ড. মোঃ কুতুব উদ্দিন, ইউআরপি বিভাগের সহকারী অধ্যাপক ড. মোঃ মনজুর মোর্শেদ। অনুষ্ঠান সঞ্চালনা করেন ইউআরপি বিভাগে প্রভাষক মোঃ মোখলেছুর রহমান।

# "মোবাইল গেইম আইডিয়া জেনারেশন" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত



কুয়েটে মোবাইল গেইম আইডিয়া জেনারেশন শীর্ষক কর্মশালায় প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে মোবাইল গেইম আইডিয়া জেনারেশন শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ২৫ অক্টোবর বিকাল ৪টায় সিএসই বিভাগের সেমিনার রুমে অনুষ্ঠিত ওয়ার্কশপটির আয়োজন করে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইসিটি ডিভিশন। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথি ছিলেন সিএসই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মুহাম্মদ শেখ সাদী, প্রফেসর ড. এম এম এ হাসেম, প্রফেসর ড. কে এম আজহারুল হাসান, এ্যাপনোমেট্রি লিমিটেড এর ব্যবস্থাপক জাকির হোসেন। ওয়ার্কশপে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

# আইইএলটিএস এবং ইউএসএ'য় উচ্চ শিক্ষা সেমিনার




আইইএলটিএস এবং ইউএসএ-তে উচ্চ শিক্ষা বিষয়ক সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন এমই অনুষদের ডীন প্রফেসর ড. তারাপদ ভৌমিক।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আইইএলটিএস এবং ইউএসএ-তে উচ্চ শিক্ষা বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ২০ অক্টোবর বৃহস্পতিবার দুপুর ২টায় বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে বৃটিশ কাউন্সিলের প্রজেক্ট হেডওয়ে এ সেমিনারের আয়োজন করে। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এমই অনুষদের ডীন প্রফেসর ড. তারাপদ ভৌমিক। বিশেষ অতিথি ছিলেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া। অনুষ্ঠানে কী-নোট স্পীকার হিসেবে প্রেজেন্টেশন উপস্থাপন করেন প্রজেক্ট হেডওয়ে'র প্রজেক্ট ডিরেক্টর পল বিশ্বাস। সেমিনারে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে।

# এ্যাওয়ার্ড প্রদান শিক্ষার্থীদের মেধার স্বীকৃতি

(৪র্থ পৃষ্ঠার পর) উল্লেখ্য, প্রতি সেশনের ২টি টার্মে ৩.৭৫ এর উপরে জিপিএ পাওয়া শিক্ষার্থীরা যাদের কোন বিষয়ে ব্যাকলক থাকে না তারা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক অর্ডিন্যান্সের ১৮.২ ধারা অনুযায়ী ডীন'স তালিকায় অন্তর্ভূক্ত হয়। ইইই অনুষদের অর্ন্তগত চারটি বিভাগ থেকে ২০১২-১৩ থেকে ২০১৪-১৫ শিক্ষাবর্ষের মোট ১০৮ জন শিক্ষার্থী এ তালিকায় অন্তর্ভূক্ত হয় এবং সার্টিফিকেট গ্রহন করে। এর মধ্যে ইইই বিভাগের ৫৪ জন, সিএসই বিভাগের ৩০ জন, ইসিই বিভাগের ২৯ জন এবং বিএমই বিভাগের ৫ জন শিক্ষার্থী রয়েছে।

## ভাইস-চ্যান্সেলর এর সাথে জাপানী পরিবেশ বিশেষজ্ঞের স্বাক্ষাত



কুয়েট'র ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সঙ্গে সৌজন্য স্বাক্ষাৎ করেন জাপানের ইএএফ এর চীফ কনস্যালটেন্ট হিদিকি সাতোসহ অন্যান্যরা।

২৮ সেপ্টেম্বর বুধবার সকাল ১১টায় জাপান ইনভাইরনমেন্টাল এডুকেশন ফোরাম এর চীফ কনসালটেন্ট হিদিকি সাতো খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাৎ করেন। এসময় কুয়েটের বর্জ্য ব্যবস্থাপনা, পরিস্কার পরিচ্ছনতা বজায় রাখা, বৃক্ষায়ন ইত্যাদি বিষয়ে পরিদর্শণকারীকে অবগত করা হয়। হিদিকি সাতো কুয়েটে গৃহীত বিভিন্ন পদক্ষেপের ভূয়সী প্রসংশা করেন।

এসময় বাংলাদেশ ইনভাইরনমেন্ট এন্ড ডেভেলপমেন্ট সোসাইটি এর চীফ এক্সিকিউটিভ মোঃ মাকসুদুর রহমান, এমই অনুষদের ডীন প্রফেসর ড. তারাপদ ভৌমিক, ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোস্তফা সরোয়ার, সহকারী অধ্যাপক ড. মঞ্জুর মোর্শেদ উপস্থিত ছিলেন।

## ভাইস-চ্যান্সেলরের সাথে ওয়াটার এইড'র প্রতিনিধিদের সৌজন্য স্বাক্ষাত



কুয়েট'র ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সঙ্গে সৌজন্য স্বাক্ষাৎ করেন ওয়াটার এইড'র গ্রান্টস ম্যানেজার মার্টিনা নি এবং প্রোগ্রাম ম্যানেজার জাহিদুল ইসলাম মামুন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সঙ্গে সৌজন্য স্বাক্ষাত করেছেন ওয়াটার এইড'র স্ট্রাটেজিক পার্টনারশীপ এর গ্রান্টস ম্যানেজার মার্টিনা নি এবং প্রোগ্রাম ম্যানেজার জাহিদুল ইসলাম মামুন। ১৭ অক্টোবর সোমবার সকাল ১১টায় ভিসি মহোদয়ের দপ্তরে সৌজন্য স্বাক্ষাতকালীণ সময়ে ওয়াটার এইড পরিচালিত 'সাসটেইনেবল আরবান ওয়াটার এন্ড সেনিটেশন-ইন্টিগ্রেটেড প্রোসেস' প্রোগ্রামে অংশগ্রহনের জন্য কুয়েটকে আমন্ত্রণ জানানো হয়। এসময় খুলনা শহরের পানি ও স্যানিটেশন ব্যবস্থা নিয়ে কুয়েট ভাইস-চ্যান্সেলরের সাথে প্রতিনিধি দল বিশদ আলোচনা করেন।

উল্লেখ্য, ওয়াটার এইড 'এডভান্সড ইন্টারন্যাশনাল ট্রেইনিং' প্রোগ্রামের মাধ্যমে দীর্ঘস্থায়ীভাবে নগরীর পানি ও পয়ঃনিস্কাশন ব্যবস্থার উন্নয়ন, বিভিন্ন প্রতিষ্ঠানের ক্ষমতা বৃদ্ধি এবং বিশ্বের বিভিন্ন অঞ্চলের সাথে অভিজ্ঞতা বিনিময় করার ব্যবস্থা গ্রহন করেছে। এর অংশ হিসেবে ইতিমধ্যে ঢাকা শহরে উল্লেখিত ব্যবস্থাসমূহ গ্রহণ করা হয়েছে এবং খুলনা শহরকে উল্লেখিত ব্যবস্থাসমূহ গ্রহণের জন্য পরবর্তী শহর হিসেবে নির্ধারণ করা হয়েছে।

## কুয়েটে শান্তিপূর্ণভাবে ১ম বর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

(শেষ পৃষ্ঠার পর) কুয়েটে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে ৩টি অনুষদের ১৪টি বিভাগে মোট ১০০৫ আসনের বিপরীতে যোগ্য ১২৭১৭ জন আবেদনকারীর সকলেই ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের সুযোগ পায়। তন্মধ্যে ৯৮১৮ জন পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে।

## ভাইস-চ্যান্সেলর এর সাথে ফ্লোরা লিমিটেডের কর্মকর্তাবৃন্দের সৌজন্য স্বাক্ষাত



কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে ফ্লোরা লিমিটেড এর উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ সৌজন্য স্বাক্ষাত করেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে ফ্লোরা লিমিটেড এর উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ সৌজন্য স্বাক্ষাত করেছেন। ১৯ অক্টোবর সকাল সাড়ে ১০টায় ভাইস-চ্যান্সেলর এর কার্যালয়ে স্বাক্ষাতকালে উপস্থিত ছিলেন ফ্লোরা লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক মুস্তফা শামসুল ইসলাম ও পরিচালক সফিয়া ইসলাম। এসময় ফ্লোরার কর্মকর্তারা তাদের বিভিন্ন প্রোডাক্ট সম্পর্কে কথা বলেন এবং প্রোডাক্টের মান উন্নয়নে কুয়েটের সহযোগিতা গ্রহনে আগ্রহ প্রকাশ করেন। কুয়েট'র ভাইস-চ্যান্সেলর সম্ভব সব ধরনের সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

## ভাইস-চ্যান্সেলর এর সাথে প্রোজেক্ট হেডওয়ে'র কর্মকর্তাবৃন্দের সৌজন্য স্বাক্ষাত



কুয়েট'র ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সঙ্গে সৌজন্য স্বাক্ষাৎ করেন প্রজেক্ট হেডওয়ে'র প্রজেক্ট ডিরেক্টর পল বিশ্বাস ও রাইটসাইট লিমিটেড এর সিইও মেহেদী নেওয়াজ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে প্রোজেক্ট হেডওয়ে'র উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ সৌজন্য স্বাক্ষাত করেছেন। ২০ অক্টোবর সকাল ১১টায় ভাইস-চ্যান্সেলর এর কার্যালয়ে স্বাক্ষাতকালে উপস্থিত ছিলেন প্রজেক্ট হেডওয়ে'র প্রজেক্ট ডিরেক্টর পল বিশ্বাস ও রাইটসাইট লিমিটেড এর সিইও মেহেদী নেওয়াজ। এসময় বিশ্ববিদ্যালয়ের এমই অনুষদের ডীন প্রফেসর ড. তারাপদ ভৌমিক উপস্থিত ছিলেন। সৌজন্য স্বাক্ষাতকালীন সময়ে তারা কুয়েটের শিক্ষার্থীদের উচ্চশিক্ষা ও গবেষণার জন্য বিদেশের বিশ্ববিদ্যালয়সমূহে ভর্তির বিষয়ে সার্বিক সহযোগিতার বিষয় নিয়ে আলোচনা করেন।

## "BUILTECH FEST 2016" অনুষ্ঠিত

(১৪ পৃষ্ঠার পর) প্রেজেন্টেশন প্রদান করেন প্রফেসর এম এ হান্নান, ইঞ্জিঃ এম এ সোবহান, ইঞ্জিঃ এএসএম নুরুজ্জামান, ইঞ্জিঃ আল-ইমরান হোসেন প্রমূখ। বিকালে অডিটরিয়ামে সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

প্রতিযোগিতামূলক ইভেন্টগুলোর মধ্যে ছিল টেকনিক্যাল রাইটিং, পোস্টার প্রেজেন্টেশন, মেকানিক্স মেনিয়া, ম্যানেজমেন্ট মাস্টারমাইন্ড ইত্যাদি। কুয়েটের বিভিন্ন বিভাগের শিক্ষক এবং ইন্সটিটিউশন অব সিভিল ইঞ্জিনিয়ার্স (আইসিই) এর প্রতিনিধিবৃন্দ এবং দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট ও সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীরা এই ফেস্টে অংশগ্রহণ করে। ফেস্টটির আয়োজনে ছিল কুয়েটের বিইসিএম বিভাগ এবং সহযোগী হিসেবে ছিল আইসিই, বাংলাদেশ সেন্টার।

# কুয়েট ভাইস-চ্যান্সেলর এর সাথে জুডিসিয়াল সার্ভিস কমিশনের চেয়ারম্যানের সৌজন্য স্বাক্ষাত



সৌজন্য সাক্ষাতকালে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশনের চেয়ারম্যান ও সুপ্রীমকোর্টের বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকীকে স্মারক ক্রেস্ট প্রদান করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য সাক্ষাত করেছেন বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশনের চেয়ারম্যান ও বাংলাদেশ সুপ্রীমকোর্টের আপীল বিভাগের বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকী। ২২ ডিসেম্বর বৃহস্পতিবার বিকাল সাড়ে ৩টায় কুয়েট ভাইস-চ্যান্সেলর এর কার্যালয়ে এ সৌজন্য স্বাক্ষাত অনুষ্ঠিত হয়। এ সময় বিশ্ববিদ্যালয়ের সিই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাহবুব আলম, ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক, এমই অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, পরিচালক, আইআইসিটি প্রফেসর ড. বাসুদেব চন্দ্র ঘোষ, চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, খুলনা এম এল বি মেজবাহ উদ্দিন আহমেদ, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) জি এম শহিদুল আলমসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। এসময় বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকীকে একটি স্মারক ক্রেস্ট প্রদান করেন কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

# কুয়েট ভিসি'র সাথে বিদেশী প্রতিনিধিদলের সৌজন্য স্বাক্ষাত



কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে বিদেশী প্রতিনিধি দলের সৌজন্য সাক্ষাৎ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে ০৫ নভেম্বর শনিবার সকাল ১১টায় একটি বিদেশী প্রতিনিধি দল সৌজন্য স্বাক্ষাত করেছেন । প্রতিনিধি দলে ছিলেন 'ভায়োলা ভিটালিস এবি' সুইডেন এর সিইও ড. কাদের আব্দুল, বোর্ড মেম্বার ক্যাটরিন লান্ডকভিস্ত ও মনিকা লারসন, ডিরেক্টর ড. সাজ্জাদ হায়দার, সিনিয়র ওপারেশনাল ম্যানেজার ড. মোঃ এ সালাম, প্রজেক্ট ম্যানেজার জুবাইদুল হক সবুজ, ফিসান্স এ্যাসোসিয়েট রিহাবুন নাহার, রিসার্স অফিসার নাজমা লুপিন, ফাইনান্স এ্যাডভাইজার বেলাল সিরাজি। এসময় কুয়েটের রসায়ন বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, ভায়োলা ভিটালিস সর্বশেষ গবেষনার ফলাফল ও উদ্ভাবন নিয়ে পুষ্টি ভিত্তিক স্বাস্থ্য সেবা প্রান্তিক জনগোষ্ঠীকে প্রদানের লক্ষে উদ্ভাবনী ও উচ্চ মানের পুষ্টি উপাদান সমৃদ্ধ বিভিন্ন ধরনের পন্য উৎপাদন করে। সৌজন্য স্বাক্ষাতকালীন সময়ে প্রযুক্তিগত বিভিন্ন বিষয় নিয়ে প্রতিনিধি দলটি কুয়েট ভিসির সঙ্গে আলোচনা করেন।

# অবকাঠামো সুবিধাদি উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন কমিটির সভা



"খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো সুবিধাদি উন্নয়ন" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কমিটির সভা শেষে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরসহ অন্যান্য সদস্যবৃন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ১৯ নভেম্বর শনিবার সকাল সাড়ে ১১টায় প্রশাসনিক ভবনের সভাকক্ষে "খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো সুবিধাদি উন্নয়ন" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কমিটির ৮ম সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন সিই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাহবুব আলম, ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক, পরিচালক (পওউ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, শিক্ষা মন্ত্রণালয়ের উপ-প্রধান (পরিকল্পনা) রফিক আহম্মদ সিদ্দিক, ইউজিসি এর পরিচালক (পওউ) মোঃ আব্দুর রেজ্জাক, পরিকল্পনা কমিশন এর যুগ্ম প্রধান প্রকৌঃ খন্দকার আহসান হোসেন, ইউজিসি এর উপ-পরিচালক (পওউ) মোঃ ফজলুর রহমান, শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী প্রধান মুহাম্মদ জহুরুল ইসলাম, পরিকল্পনা কমিশনের উপ-প্রধান (শিক্ষা উইং) প্রভাষ চন্দ্র রায়, কুয়েটের উপ-পরিচালক (পওউ) মোঃ আনিসুর রহমান ভূঞা, পরিকল্পনা মন্ত্রণালয়ের উপ-পরিচালক (আইএমইডি) মোঃ মশিউর রহমান, প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশিদ এবং নির্বাহী প্রকৌশলী ড. মোঃ জুলফিকার হোসেন।

# কেসিসি-এসএনভি এফটিপি প্লান্ট পরিদর্শনে কুয়েট ভিসি



কেসিসি-এসএনভি এফটিপি প্লান্ট পরিদর্শনে কুয়েট'র ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরসহ অন্যান্যরা।

কেসিসি-এসএনভি এফটিপি প্লান্ট পরিদর্শন করেছেন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ১৮ অক্টোবর মঙ্গলবার বিকাল ৩টায় খুলনা শহরের অদুরে খুলনা-সাতক্ষীরা মহাসড়কে নির্মাণাধীন এ প্লান্ট প্রদর্শণকালীন সময়ে আরো উপস্থিত ছিলেন কুয়েটের বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান ড. কাজী এ বি এম মহিউদ্দিন, থাইল্যান্ডের মাহিডোল বিশ্ববিদ্যালয়ের প্রভাষক নাওয়াচ সুরিনকুল, এশিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজী (এআইটি) এর রিসার্স এসোসিয়েট নাত্তাউত জিত্রা, রিসার্স এসোসিয়েট ভো হোয়াং হাথ ফং, এসএনভি এর শহর সমন্বয়কারী মোঃ রুহুল আমিন মুন্সি, ইঞ্জিনিয়ারিং অ্যাডভাইজার মোঃ শহিদুল ইসলাম, কুয়েটের সিই বিভাগের এমএসসি ইঞ্জিনিয়ারিং এর শিক্ষার্থী নোমন আল হাফিজ ও ফাতিমা নাজনীন।

এসময় কুয়েট ভাইস-চ্যান্সেলর নির্মাণাধীন প্লান্টের নির্মাণ কাজের খোজ খবর নেন এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেন।

## ইউআরপি বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায়



ইউআরপি বিভাগের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে বিদায়ী গ্রাজুয়েটদের হাতে ক্রেস্ট তুলে দেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

কুয়েটের ইউআরপি বিভাগের '১৫ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ ও '১১ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ২০ জুলাই বুধবার বিকালে অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়। ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোস্তফা সারওয়ারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এবং বিশেষ অতিথি ছিলেন সিই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাহবুব আলম, এমই অনুষদের ডীন প্রফেসর ড. তারাপদ ভৌমিক, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া।

## ইইই বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায়



ইইই বিভাগের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে বিদায়ী গ্রাজুয়েটদের হাতে ক্রেস্ট তুলে দেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগের '১৫ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ ও '১১ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ২৭ জুলাই বুধবার দুপুর আড়াইটায় বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ইইই এ্যাসোসিয়েশনের সভাপতি প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ইইই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ আশরাফুল গণি ভূঁইয়া।

## যুদ্ধাপরাধী মীর কাসেমের মৃত্যুদন্ড কার্যকর হওয়ায় কুয়েট ভিসি'র সন্তোষ প্রকাশ

একাত্তরের মানবতাবিরোধী অপরাধের দায়ে আলবদর বাহিনীর কমান্ডার ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সদস্য মীর কাসেম আলীকে ফাঁসিতে ঝুলিয়ে মৃত্যুদন্ড কার্যকর হওয়ায় সন্তোষ প্রকাশ করেছেন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এক বিবৃতিতে কুয়েট ভাইস-চ্যান্সেলর বলেন, মুক্তিযুদ্ধকালের মানবতাবিরোধী অপরাধের দায়ে মীর কাসেম আলীর মৃত্যুদন্ড কার্যকর হওয়ায় সারা দেশের মানুষের মত আমিও আনন্দিত। জাতি যুদ্ধাপরাধীদের সর্বোচ্চ শাস্তি প্রত্যাশা করে, এই মৃত্যুদন্ড কার্যকর মাধ্যমে জাতির প্রত্যাশা পূরণ হয়েছে।

## টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ



টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের '১৫ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এ্যাসোসিয়েশনের আয়োজিত ০১ আগষ্ট সোমবার বিকাল সাড়ে ৫টায় বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মিহির রঞ্জন হালদারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন এমই অনুষদের ডীন প্রফেসর ড. তারাপদ ভৌমিক, সিই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাহবুব আলম, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া।

## কুয়েট ক্যাম্পাসের নিরাপত্তা বিষয়ক সভা অনুষ্ঠিত



কুয়েটে সার্বিক নিরাপত্তা বিষয়ক সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে সার্বিক নিরাপত্তা বিষয়ক সভা অনুষ্ঠিত হয়েছে। ১৭ জুলাই রবিবার দুপুর ১২টায় প্রশাসনিক ভবনের সভাকক্ষে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। সভায় পরিচালক (ছাত্র কল্যাণ) ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোস্ট প্রফেসর ড. সোবহান মিয়া, ফজলুল হক হলের প্রভোস্ট ড. কাজী এ বি এম মহিউদ্দিন, লালন শাহ হলের প্রভোস্ট ড. পল্লব কুমার চৌধুরী, ড. এম এ রশীদ হলের প্রভোস্ট ড. পিন্টু চন্দ্র শীল, রোকেয়া হলের ভারপ্রাপ্ত প্রভোস্ট সুহেলী সায়লা আহমেদ, সহকারী পরিচালক (ছাত্র কল্যাণ), সহকারী হল প্রভোস্টগণ, নিরাপত্তা কমিটির চেয়ারম্যান ও সংশ্লিষ্ট শিক্ষক, কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় বিশ্ববিদ্যালয়ের সার্বিক নিরাপত্তা বিষয়ে উপস্থিত সদস্যবৃন্দ আলোচনা করেন এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে সিসি টিভি ক্যামেরা স্থাপন, নিরাপত্তা টহল জোরদার, বহিরাগতদের প্রবেশে নজরদারিসহ বিভিন্ন বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

## আন্তর্জাতিক কনফারেন্স 'ICMIEE 2016' অনুষ্ঠিত

(৬ষ্ঠ পৃষ্ঠার পর) এবারের দুই দিন ব্যাপী সম্মেলনে আমেরিকা, ইন্ডিয়া, মালয়েশিয়া, দক্ষিণ কোরিয়া ও বাংলাদেশের প্রায় দেড়শতাধিক খ্যাতনামা গবেষক ও প্রকৌশলীগণ অংশগ্রহণ করে ১২০টি টেকনিক্যাল পেপার উপস্থাপন করেন। দুই দিনব্যাপি এই আন্তর্জাতিক সম্মেলনে মোট ১৮টি সেশনে মেকানিক্যাল, লেদার, টেক্সটাইল, ইন্ডাস্ট্রিয়াল এন্ড এনার্জি ইঞ্জিনিয়ারিংসহ বিভিন্ন বিষয়ের উপর গবেষণা পেপার উপস্থাপন করা হয়।

## যাদবপুর বিশ্ববিদ্যালয়ে "IconSWM 2016" এ অংশগ্রহণ ও বিশ্ব ভারতী বিশ্ববিদ্যালয়ে কুয়েট ভিসির 'স্পেশাল টক' প্রদান



ভারতের যাদবপুর বিশ্ববিদ্যালয়ে "ইন্টারন্যাশনাল কনফারেন্স অন সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট" এ বক্তৃতা করেন কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

ভারতের বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে 'স্পেশাল টক' প্রদান করেছেন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ২২ নভেম্বর মঙ্গলবার ভারতের বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের এনভায়রনমেন্ট স্টাডিজ বিভাগে 'ওয়েস্ট ম্যানেজমেন্ট এন্ড রিসোর্স রিকভারী ইন বাংলাদেশ' বিষয়ের উপর তিঁনি স্পেশাল টক প্রদান করেন। অনুষ্ঠানে এনভায়রনমেন্টাল স্টাডিজ, বায়োটেকনোলজী এবং ইন্টিগ্রেটেড সায়েন্স এন্ড রিসার্স সেন্টারের স্নাতকোত্তর শ্রেণীর শিক্ষার্থী ও শিক্ষকবৃন্দ অংশগ্রহন করেন। স্পেশাল টক শেষে শিক্ষা ও গবেষনা বিষয়ক মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়।

এছাড়া তিঁনি ২৪-২৬ নভেম্বর পর্যন্ত যাদবপুর বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত "ইন্টারন্যাশনাল কনফারেন্স অন সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট" এ অংশগ্রহন করেন। কনফারেন্সের প্রথম দিন তিঁনি টেকনিক্যাল পেপারের উপর প্লিনারী স্পিচ উপস্থাপন করেন এবং দ্বিতীয় দিন 'মিউনিসিপ্যাল ওয়েস্ট ম্যানেজমেন্ট' সেশনে চেয়ার হিসেবে দায়িত্ব পালন করেন।

## কুয়েটে'র প্রকল্প পরিদর্শনে পরিকল্পনা বিভাগের অতিরিক্ত সচিব



কুয়েটে'র অবকাঠামো সুবিধাদি উন্নয়ন প্রকল্প পরিদর্শনকালীন পরিকল্পনা বিভাগের অতিরিক্ত সচিব বেগম নাসরীন আরা সুরাত আমিন ও কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরসহ অন্যান্যরা।

২০ নভেম্বর রবিবার সকাল সাড়ে ১০টায় খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে "খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো সুবিধাদি উন্নয়ন" শীর্ষক প্রকল্প পরিদর্শন করেন পরিকল্পনা বিভাগের অতিরিক্ত সচিব বেগম নাসরীন আরা সুরাত আমিন। পরিদর্শনকালীন সময়ে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সভাপতিত্বে এক সভা ভাইস-চ্যান্সেলর এর কার্যালয়ে অনুষ্ঠিত হয়। এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশিদ, উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) মোঃ আনিসুর রহমান ভূঞা, নির্বাহী প্রকৌশলী ড. মোঃ জুলফিকার হোসেন। সভাশেষে অতিরিক্ত সচিব বেগম নাসরীন আরা সুরাত আমিন প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শন করেন এবং প্রকল্পের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন। এসময় কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর তার সাথে ছিলেন এবং প্রকল্পের বিভিন্ন বিষয়ে অবহিত করেন।

## কুয়েটে বেগম রোকেয়া দিবস পালিত




কুয়েটে বেগম রোকেয়া দিবস উপলক্ষে আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে বেগম রোকেয়া দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে ০৯ ডিসেম্বর শুক্রবার রাতে বিশ্ববিদ্যালয়ের রোকেয়া হলে আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এসময় তিঁনি বলেন, বেগম রোকেয়া বাঙ্গালীর গৌরব, তিনি নারী জাতিকে সম্মানের সাথে বাঁচতে শিখিয়েছেন।

রোকেয়া হলের ভারপ্রাপ্ত প্রভোস্ট সুহেলী শায়লা আহমেদের সভাপতি অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এমই অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, সরকারি বিএল কলেজের দর্শন বিভাগের প্রফেসর লুৎফুর নাহার, পরিচালক (ছাত্র-কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলের প্রভোস্ট, সংশ্লিস্ট হলসহ অন্যান্য হলের সহকারী প্রভোস্ট ও হলের ছাত্রীরা উপস্থিত ছিলেন।

## কুয়েট কর্মচারীর চিকিৎসা সহায়তায় চেক হস্তান্তর



ক্যান্সারে আক্রান্ত কর্মচারী মোঃ আসাদুজ্জামানের চিকিৎসার আর্থিক সহায়তার জন্য কর্মচারী সমিতির (৪র্থ শ্রেণী) উদ্যোগে সংগৃহিত সাহায্যের চেক হস্তান্তর করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

ক্যান্সারে আক্রান্ত চিকিৎসাধীন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা শাখার কর্মচারী মোঃ আসাদুজ্জামানের চিকিৎসার আর্থিক সহায়তার জন্য চেক হস্তান্তর করা হয়েছে। ৩০ নভেম্বর বুধবার দুপুর ১টায় কর্মচারী সমিতির (৪র্থ শ্রেণী) উদ্যোগে সংগৃহিত ২৫ হাজার টাকার চেক হস্তান্তর করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এসময় সমিতির সভাপতি শেখ এরশাদ আলী ও সাধারণ সম্পাদক জালাল মুন্সিসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

## রেজিস্ট্রার মোঃ আব্দুর রউফ এর বিদায় সংবর্ধনা

(১৯ পৃষ্ঠার পর) একজন নিবেদিত প্রাণ কর্মকর্তা। মোঃ আব্দুর রউফ বলেন, তিনি এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত অবস্থায় নিষ্ঠার সাথে তার উপর অর্পিত দায়িত্ব পালনে সচেষ্ট ছিলেন এবং ভবিষ্যতেও বিশ্ববিদ্যালয়ের যে কোন প্রয়োজনে তিনি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে থাকবেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সেকশন অফিসার(গ্রেড-১) মনোজ কুমার মজুমদার। এসময় বিদায়ী রেজিস্ট্রার মোঃ আব্দুর রউফকে ফুল ও ক্রেস্ট দিয়ে শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং উত্তরীয় পরিয়ে দেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। মোঃ আব্দুর রউফ ১৯৯০ সালের ০৭ অক্টোবর তৎকালীন বিআইটি'তে সহকারী রেজিস্ট্রার হিসেবে যোগদান করে অত্র প্রতিষ্ঠানে কর্মজীবন শুরু করেন।


## "BUILTECH FEST 2016" অনুষ্ঠিত




বিল্টেক ফেস্ট ২০১৬ এর প্রধান অতিথি কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর ও অন্যান্য অতিথিদের সঙ্গে অংশগ্রহণকারীবৃন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মত অনুষ্ঠিত হয়েছে বিল্টেক ফেস্ট ২০১৬। ২৩ ডিসেম্বর শুক্রবার সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথি ছিলেন ইঞ্জিনিয়ারিং স্টাফ কলেজ অব বাংলাদেশ এর রেক্টর প্রফেসর এম এ হান্নান, আইসিই বাংলাদেশ সেন্টারের ভাইস চেয়ারম্যান ইঞ্জিঃ এম এ সোবহান, আইসিই বাংলাদেশ সেন্টারের সেক্রেটারী ইঞ্জিঃ আবু সালেহ মোঃ নুরুজ্জামান । শুভেচ্ছা বক্তৃতা করেন বিল্টেক ফেস্ট ২০১৬ এর সেক্রেটারী ড. হাবিবুর রহমান সবুজ এবং সভাপতিত্ব করেন বিল্টেক ফেস্ট ২০১৬ কনভেনর ও বিইসিএম বিভাগের বিভাগীয় প্রধান ড. কাজী এবিএম মহিউদ্দিন। টেকনিক্যাল সেশনে (১০ পৃষ্ঠায় দেখুন)

## কুয়েটে বিশ্ব নগর পরিকল্পনা দিবস উদযাপিত




কুয়েটে "বিশ্ব নগর পরিকল্পনা দিবস ২০১৬" উপলক্ষে র‌্যালীর নেতৃত্ব দেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

শোভাযাত্রা, আলোচনা সভাসহ বিভিন্ন কর্মসূচির মাধ্যমে ১৭ নভেম্বর বৃহস্পতিবার খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে "প্ল্যানিং এ্যারাউন্ড দি ওয়ার্ল্ড" প্রতিপাদ্যের উপরে "বিশ্ব নগর পরিকল্পনা দিবস ২০১৬" পালিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের নগর ও অঞ্চল পরিকল্পনা (ইউআরপি) এ্যাসোসিয়েশন এসব কর্মসূচির আয়োজন করে। সকাল সাড়ে ১১টায় ইউআরপি বিভাগে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের সিই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাহবুব আলম ও বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স খুলনা চ্যাপ্টারের সভাপতি প্রফেসর ড. মোঃ আশরাফুল আলম। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিভাগের সহকারী অধ্যাপক ও বিআইপি খুলনা চ্যাপ্টারের মেম্বরশীপ এ্যফেয়ার্স ড. মোঃ মনজুর মোর্শেদ এবং "অবজারভেন্স অব ওয়ার্ল্ড টাউন প্ল্যানিং ডে ঃ (হিস্টোরি এন্ড সিগনিফিক্যান্স)" শীর্ষক মূলপ্রবন্ধ উপস্থাপন করেন সহকারী অধ্যাপক তুষার কান্তি রায়। অনুষ্ঠানটি পরিচালনা করে বিভাগের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী মাহি চৌধুরী ও নায়লা ফেরদৌস নিটল।

এর আগে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর নেতৃত্বে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

## "IPE Carnival 2016" অনুষ্ঠিত




কুয়েটে "আইপিই কার্নিভাল" উপলক্ষে র‌্যালীর নেতৃত্ব দেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট (আইইএম) বিভাগের আয়োজনে দিনব্যাপী "আইপিই কার্নিভাল" উদ্‌যাপন করা হয়েছে। কর্মসূচীর মধ্যে সকাল ৯টায় বিভাগের সামনে প্রাক্তন ও বর্তমান শিক্ষার্থীদের সমাবেশ এবং শোভাযাত্রা অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের ভাইস- চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরের নেতৃত্বে আইইএম বিভাগের সামনে থেকে শোভাযাত্রা শুরু হয়ে ফুলবাড়ীগেটসহ ক্যাম্পাস প্রদক্ষিণ করে বিভাগের সম্মুখে এসে সমাপ্ত হয়। শোভাযাত্রায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ, বিভিন্ন ইন্ডাস্ট্রির কর্মকর্তাবৃন্দ, আইইএম বিভাগের প্রাক্তন ও বর্তমান ছাত্র-ছাত্রীরা অংশগ্রহণ করেন।

সকাল ১০টায় বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয় 'অ্যাডভান্স ইঞ্জিনিয়ারিং ম্যানেজমেন্ট-অ্যান ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এপ্রোচ ১৬' শীর্ষক কর্মশালা। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথি ছিলেন সিই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাহবুব আলম, ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক, এমই অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার ও পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া। আইইএম বিভাগের প্রধান সুব্রত তলাপাত্রের সভাপতিত্বে রিসোর্স পার্সন হিসেব উপস্থিত ছিলেন ওয়ালটন হাই-টেক ইন্ডাস্ট্রিজ লিঃ এর আশরাফুল আম্বিয়া, জেইউকেআই মেশিনারী বাংলাদেশ লিঃ এর ব্যবস্থাপক মোঃ আরিফুল হাসান, বৃটিশ অ্যামেরিকান টোব্যাকোর লিফ প্রসেসিং ম্যানেজার এস.এম. আবু মুসা এবং এমই বিভাগের প্রফেসর ড. মোঃ কুতুব উদ্দীন। এছাড়া দিনব্যাপী অনুষ্ঠানের মধ্যে ছিলো অভিজ্ঞতা বিনিময়, কালচারাল নাইট এবং গ্রান্ড ডিনার।

## "বাংলাদেশ দুর্নীতির কাছে পরাজিত হবেনা"

(৩য় পৃষ্ঠার পর) কেডিএস'র সভাপতি ফারহানা কবির জিসার সভাপতিত্বে সমাপনী অনুষ্ঠানে আরো বক্তৃতা করেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া ও কেডিএস'র মডারেটর তন্ময় চক্রবর্তী এবং স্বাগত বক্তৃতা করেন সচেতন নাগরিক কমিটি (সনাক) খুলনার সদস্য প্রফেসর মোঃ জাফর ইমাম।

কুয়েটসহ দেশের ত্রিশটি বিশ্ববিদ্যালয় ও বিশ্ববিদ্যালয় কলেজের বত্রিশটি বিতার্কিক দলের অংশগ্রহণে অনুষ্ঠিত সংসদীয় মডেল বিতর্ক প্রতিযোগিতার ফাইনালে প্রিমিয়ার ইউনিভার্সিটি ঢাকা কলেজকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। প্রতিযোগিতায় খুলনাসহ দেশের বিভিন্ন এলাকার ছত্রিশ জন বিচারক বিচারকার্য পরিচালনা করেন।

২৯ সেপ্টেম্বর বৃহস্পতিবার সকাল ১১টায় অডিটরিয়ামে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এবং বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন টিআইবি'র নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান। কেডিএস'র সভাপতি সানজিদ হাসান এর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তৃতা করেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া ও কেডিএস'র মডারেটর তন্ময় চক্রবর্তী এবং স্বাগত বক্তৃতা করেন সনাক খুলনার সহ-সভাপতি এ.কে. হিরু।

## কুয়েটেই হচ্ছে খুলনার "হাই-টেক পার্ক"

(৫ম পৃষ্ঠার পর) প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বলেন, হাই-টেক পার্ক নির্মিত হলে এটি কুয়েট, খুলনাসহ সমগ্র বাংলাদেশেকে ডিজিটাল বাংলাদেশে পরিনত করার পথে আরো এক ধাপ অগ্রসর হবে। শিক্ষা, গবেষনাসহ মেধাবীদের কর্মসংস্থানে হাই-টেক পার্ক অগ্রণী ভূমিকা রাখবে।

## কুয়েট ভিসি'র শশুরের মৃত্যুতে কুয়েট পরিবারের গভীর শোক জ্ঞাপন

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর শশুর আবুল কাশেম (৭৩) ২৭ জুলাই বুধবার ৪ঃ৪৫টায় পাবনার দিলালপুরের নিজ বাসভবনে ইন্তেকাল করেন (ইন্নাইল্লাহি.........রাজিউন)। তিনি বেশ কিছুদিন যাবত বার্ধক্য জনিত বিভিন্ন রোগে চিকিৎসাধীন ছিলেন। কুয়েট ভাইস-চ্যান্সেলর এর শশুরের মৃত্যুতে কুয়েট এর শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীবৃন্দ গভীর শোক প্রকাশ করেন এবং তার শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, ৩ পুত্র, কন্যা, কন্যা জামাই ও নাতি-নাতনিসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন। উল্লেখ্য, মরহুমের পিতা ১৯৭১ সালে মুক্তিযুদ্ধকালীন সময়ে পাকিস্তানি ঘাতকদের হাতে নিহত হন। কুয়েট ভাইস-চ্যান্সেলর এর শশুরের মৃত্যুতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, বঙ্গবন্ধু কর্মচারী পরিষদ এর পক্ষ থেকেও গভীর শোক প্রকাশ করা হয়েছে।

## কুয়েট কর্মকর্তার মৃত্যুতে ভাইস-চ্যান্সেলরের শোক প্রকাশ

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের এমই বিভাগের টেকনিক্যাল অফিসার মোঃ নুরুল হক গাজী এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এক শোক বিবৃতিতে কুয়েট ভাইস-চ্যান্সেলর মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোক-সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন। এছাড়া, কুয়েট অফিসার্স এসোসিয়েশন গভীর শোক প্রকাশ করে বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোক-সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন। ২০ ডিসেম্বর মঙ্গলবার সকাল ৬টায় খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন। দুপুরে জানাযা শেষে নিজ বাড়ী সাতক্ষীরা জেলার তালা উপজেলার মাছিআড়া গ্রামে তাকে দাফন করা হয়।

## সব্যসাচী লেখক সৈয়দ শামসুল হকের মৃত্যুতে কুয়েট ভাইস-চ্যান্সেলরের গভীর শোক প্রকাশ

সব্যসাচী লেখক সৈয়দ শামসুল হকের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। শোক বিবৃতিতে কুয়েট ভিসি বলেন, সৈয়দ শামসুল হকের মৃত্যুতে দেশ একজন বরেণ্য লেখক এবং সৎ, বিচক্ষণ ও দূরদৃষ্টিসম্পন্ন ব্যক্তিত্ব হারালো। লেখক তাঁর কবিতা, উপন্যাস, নাটক, ছোটগল্পসহ অসংখ্য সাহিত্যকর্মের মাঝে অনন্তকাল বেঁচে থাকবেন। সৈয়দ শামসুল হকের মৃত্যু এদেশের জন্য অপূরণীয় ক্ষতি। কুয়েট ভাইস-চ্যান্সেলর মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোক-সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

## বীর মুক্তিযোদ্ধা শেখ আব্দুল কাইয়ুম এর ইন্তেকালে কুয়েট ভাইস-চ্যান্সেলরের গভীর শোক প্রকাশ

বীর মুক্তিযোদ্ধা শেখ আব্দুল কাইয়ুম এর ইন্তেকালে গভীর শোক প্রকাশ করেছেন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। শোক বিবৃতিতে তিনি বলেন, শেখ আব্দুল কাইয়ুমের মৃত্যুতে দেশ একজন বীর মুক্তিযোদ্ধা, খুলনার নাগরিক নেতা, সাধারন মানুষের প্রাণের ব্যাক্তিত্ব এবং সৎ, বিচক্ষণ ও দূরদৃষ্টিসম্পন্ন ব্যক্তিকে হারালো। কুয়েট ভাইস-চ্যান্সেলর মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোক-সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান। এছাড়া ১৭ নভেম্বর বৃহস্পতিবার দুপুরে নগরীর শহীদ হাদিস পার্কে বীর মুক্তিযোদ্ধা শেখ আব্দুল কাইয়ুয়ের প্রতি শেষ শ্রদ্ধা নিবেদন এবং তাঁর জানায় অংশ নেন কুয়েট ভাইস-চ্যান্সেলর।

## বিভিন্ন বিভাগ/শাখায় নতুন শিক্ষক/কর্মকর্তা যোগদান (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

### ইইই অনুষদের ডীন হিসাবে প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর ইইই বিভাগের প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক গত ১৪ আগস্ট ২০১৬ ইং তারিখে ইইই অনুষদের ডীন হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### এমই অনুষদের ডীন হিসাবে প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর এমই বিভাগের প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার গত ০২ ডিসেম্বর ২০১৬ ইং তারিখে এমই অনুষদের ডীন হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### ইইই বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে প্রফেসর ড. মোঃ শাহজাহান এর দায়িত্ব গ্রহণ




কুয়েট এর ইইই বিভাগের প্রফেসর ড. মোঃ শাহজাহান গত ০১ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগে বিভাগীয় প্রধান হিসেবে যোগদান করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### বিএমই বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে প্রফেসর ড. মোঃ নূরুন্নবী মোল্লা এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর ইইই বিভাগের প্রফেসর ড. মোঃ নূরুন্নবী মোল্লা গত ০১ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের বিএমই বিভাগে বিভাগীয় প্রধান হিসেবে যোগদান করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### এমএসই বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম (১) এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর ইইই বিভাগের প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম (১) গত ০১ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের এমএসই বিভাগে বিভাগীয় প্রধান হিসেবে যোগদান করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### মানবিক বিভাগে প্রফেসর ও বিভাগীয় প্রধান হিসেবে ড. রাজিয়া খাতুন এর যোগদান



কুয়েট এর মানবিক বিভাগের প্রফেসর ড. রাজিয়া খাতুন গত ০৬ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের মানবিক বিভাগে অধ্যাপক হিসেবে এবং ০১ অক্টোবর ২০১৬ ইং তারিখে বিভাগীয় প্রধান হিসেবে যোগদান করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### আর্কিটেকচার বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে প্রফেসর ড. মোঃ সাইফুল ইসলাম এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর সিই বিভাগের প্রফেসর ড. মোঃ সাইফুল ইসলাম গত ০৫ অক্টোবর ২০১৬ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের আর্কিটেকচার বিভাগে বিভাগীয় প্রধান হিসেবে যোগদান করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### টিই বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে ড. মোহাম্মদ আবদুল জলিল এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর টিই বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ আবদুল জলিল গত ০২ ডিসেম্বর ২০১৬ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের টিই বিভাগে বিভাগীয় প্রধান হিসেবে যোগদান করেছেন।

## আইকিউএসি এর পরিচালক হিসেবে প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এর দায়িত্ব গ্রহণ



সিই বিভাগের প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন গত ০২ ডিসেম্বর ২০১৬ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের পরিচালক, আইকিউএসি হিসেবে যোগদান করেছেন। তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

## অধ্যাপক ও প্রভোষ্ট হিসেবে প্রফেসর ড. পল্লব কুমার চৌধুরী এর যোগদান



কুয়েট এর ইসিই বিভাগের প্রফেসর ড. পল্লব কুমার চৌধুরী গত ০৬ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইসিই বিভাগে অধ্যাপক হিসেবে এবং ০১ নভেম্বর ২০১৬ ইং তারিখ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোষ্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

## প্রভোষ্ট হিসেবে প্রফেসর ড. মোঃ মোস্তাফিজুর রহমান এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর ইসিই বিভাগের প্রফেসর ড. মোঃ মোস্তাফিজুর রহমান গত ০১ নভেম্বর ২০১৬ ইং তারিখ এ কে ফজলুল হক হলের প্রভোষ্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

## প্রভোষ্ট হিসেবে ড. মোঃ জহির উদ্দিন এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর সিই বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ জহির উদ্দিন গত ০১ নভেম্বর ২০১৬ ইং তারিখ লালন শাহ্ হলের প্রভোষ্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

## প্রভোষ্ট হিসেবে ড. মোঃ রাফিজুল ইসলাম এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর সিই বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ রাফিজুল ইসলাম গত ০১ নভেম্বর ২০১৬ ইং তারিখ খান জাহান আলী হলের প্রভোষ্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

## আইকিউএসি এর অতিরিক্ত পরিচালক হিসেবে প্রফেসর ড. এ কে এম আজহারুল হাসান এর দায়িত্ব গ্রহণ



সিএসই বিভাগের প্রফেসর ড. এ কে এম আজহারুল হাসান গত ০২ ডিসেম্বর ২০১৬ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের অতিরিক্ত পরিচালক, আইকিউএসি হিসেবে যোগদান করেছেন। তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

## সহকারী পরিচালক (ছাত্র কল্যাণ) হিসেবে বিষ্ণু সরকারের দায়িত্ব গ্রহণ



কুয়েট এর সিএসই বিভাগের সহকারী অধ্যাপক বিষ্ণু সরকার গত ২০ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখ সহকারী পরিচালক (ছাত্র কল্যাণ) হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

## সহকারী প্রভোষ্ট হিসেবে তাসনীম আজাদ আবীর এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর ইসিই বিভাগের প্রভাষক তাসনীম আজাদ আবীর গত ১৬ নভেম্বর ২০১৬ ইং তারিখে খানজাহান আলী হলের সহকারী প্রভোষ্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

## সহকারী প্রভোষ্ট হিসেবে মোঃ হামিদুল ইসলাম এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর বিইসিএম বিভাগের প্রভাষক মোঃ হামিদুল ইসলাম গত ১৬ নভেম্বর ২০১৬ ইং তারিখে ড. এম এ রশিদ হলের সহকারী প্রভোষ্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

## সহকারী প্রভোষ্ট হিসেবে নয়ন চক্রবর্ত্তী এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর আইইএম বিভাগের প্রভাষক নয়ন চক্রবর্ত্তী গত ১৬ নভেম্বর ২০১৬ ইং তারিখে ফজলুল হক হলের সহকারী প্রভোষ্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

## সহকারী প্রভোষ্ট হিসেবে সাগর ঘোষ এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর সিই বিভাগের প্রভাষক সাগর ঘোষ গত ১৬ নভেম্বর ২০১৬ ইং তারিখে লালন শাহ্ হলের সহকারী প্রভোষ্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

## রসায়ন বিভাগে অধ্যাপক হিসেবে ড. মোঃ মিজানুর রহমান বাদল এর যোগদান



ড. মোঃ মিজানুর রহমান বাদল গত ০৬ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগে অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ১৫ সেপ্টেম্বর ২০১৩ ইং তারিখে সহযোগী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগে যোগদান করেন।

## এমই বিভাগে অধ্যাপক হিসেবে ড. মোঃ সাইদুল ইসলাম এর যোগদান



ড. মোঃ সাইদুল ইসলাম গত ০৬ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের এমই বিভাগে অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০৬ জুলাই ২০১৪ ইং তারিখে সহযোগী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের এমই বিভাগে যোগদান করেন।

## ইসিই বিভাগে অধ্যাপক হিসেবে ড. মোঃ ফয়সল হোসেন এর যোগদান



ড. মোঃ ফয়সল হোসেন গত ০৬ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইসিই বিভাগে অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০৬ জুলাই ২০১৪ ইং তারিখে সহযোগী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের ইসিই বিভাগে যোগদান করেন।

## সিই বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে মোঃ আতাউর রহমান এর যোগদান



মোঃ আতাউর রহমান গত ০৬ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের সিই বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০৯ মে ২০০৬ ইং তারিখে সহকারী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের সিই বিভাগে যোগদান করেন।

## সিএসই বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে ড. শেখ মোহাম্মদ মাসুদুল আহসান এর যোগদান



ড. শেখ মোহাম্মদ মাসুদুল আহসান গত ০৬ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০৮ জুলাই ২০০৭ ইং তারিখে সহকারী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগে যোগদান করেন।

## ইইই বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে ড. মোঃ সিরাজুল ইসলাম এর যোগদান



ড. মোঃ সিরাজুল ইসলাম গত ০৬ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২৯ জুন ২০১০ ইং তারিখে সহকারী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগে যোগদান করেন।

## পদার্থবিদ্যা বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে মোঃ কামরুল হাসান রেজা এর যোগদান



মোঃ কামরুল হাসান রেজা গত ০৬ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের পদার্থবিদ্যা বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ১৫ এপ্রিল ২০০৪ ইং তারিখে সহকারী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের পদার্থবিদ্যা বিভাগে যোগদান করেন।

## টিই বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে ফারহানা মমতাজ এর যোগদান



ফারহানা মমতাজ গত ০৬ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের টিই বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ১৮ মার্চ ২০১৩ ইং তারিখে প্রভাষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের টিই বিভাগে যোগদান করেন।

## ইইই বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে মোঃ সাকিব গালিব সৌরভ এর যোগদান



মোঃ সাকিব গালিব সৌরভ গত ০৬ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ১৫ সেপ্টেম্বর ২০১৩ ইং তারিখে প্রভাষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগে যোগদান করেন।

## এলই বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে মোঃ আরিফুল ইসরাম জুয়েল এর যোগদান



মোঃ আরিফুল ইসলাম জুয়েল গত ০৬ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের এলই বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ৪ মার্চ ২০১৪ ইং তারিখে প্রভাষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের এলই বিভাগে যোগদান করেন।

## ইইই বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে মনিরা ইসলাম এর যোগদান



মনিরা ইসলাম গত ০৬ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০৬ জুলাই ২০১৪ ইং তারিখে প্রভাষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগে যোগদান করেন।

## অডিট সেলে উপ-পরিচালক হিসেবে জনাব মোঃ ইস্কান্দার আলী মোল্লা এর যোগদান



মোঃ ইস্কান্দার আলী মোল্লা গত ০৬ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের কম্পট্রোলার এর দপ্তরে অডিট সেলে উপ-পরিচালক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ১২ নভেম্বর ২০০৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের কম্পট্রোলার এর দপ্তরে সহকারী কম্পট্রোলার হিসাবে যোগদান করেন।

## আইইটি সেলে কম্পিউটার প্রোগ্রামার/ ডাটাবেজ প্রোগ্রামার হিসেবে জনাব মোঃ আবু হানিফ শেখ এর যোগদান



মোঃ আবু হানিফ শেখ গত ০৬ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের আইইটি সেলে কম্পিউটার প্রোগ্রামার/ ডাটাবেজ প্রোগ্রামার হিসেবে যোগদান করেছেন। তিনি গত ১০ জুন ২০১২ইং তারিখে সহকারী প্রোগ্রামার হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরীতে যোগদান করেন।

## আইইটি সেলে নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার/ হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার হিসেবে প্রদীপ কুমার দাস এর যোগদান



প্রদীপ কুমার দাস গত ০৬ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের আইইটি সেলে নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার/ হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার হিসেবে যোগদান করেছেন। তিনি গত ১০ জুন ২০১২ইং তারিখে সহকারী প্রোগ্রামার হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় কম্পিউটার সেন্টারে যোগদান করেন।

## সহকারী রেজিস্ট্রার হিসেবে মোঃ আব্দুর রহমান এর যোগদান



মোঃ আব্দুর রহমান গত ০৬ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের সংস্থাপন ও প্রশাসন শাখায় সহকারী রেজিস্ট্রার হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২৯ জুন ২০০৫ ইং তারিখে জনসংযোগ কর্মকর্তা হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ ও তথ্য শাখায় যোগদান করেন।

## সহকারী রেজিস্ট্রার হিসেবে দেবাশীষ মন্ডল এর যোগদান



দেবাশীষ মন্ডল গত ০৬ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের সংস্থাপন ও প্রশাসন শাখায় সহকারী রেজিস্ট্রার হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০১ আগস্ট ২০১০ ইং তারিখে সেকশন অফিসার (গ্রেড-১) হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের সংস্থাপন ও প্রশাসন শাখায় যোগদান করেন।

## সহকারী রেজিস্ট্রার হিসেবে নিমাই চন্দ্র মিস্ত্রী এর যোগদান



নিমাই চন্দ্র মিস্ত্রী গত ০৬ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর মহোদয়ের কার্যালয়ের সহকারী রেজিস্ট্রার হিসেবে যোগদান করেছেন। তিনি গত ১৯ এপ্রিল ২০১১ ইং তারিখে সেকশন অফিসার (গ্রেড-১) হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর এর কার্যালয় যোগদান করেন।

## সহকারী পরিচালক (পঃওউঃ) হিসেবে মোঃ মাহমুদুল হাসান এর যোগদান



মোঃ মাহমুদুল হাসান গত ০৬ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এর কার্যালয় সহকারী পরিচালক (পঃওউঃ) হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০১ জানুয়ারি ২০১২ ইং তারিখে যানবাহন কর্মকর্তা হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের যানবাহন শাখায় যোগদান করেন।

## টেকনিক্যাল অফিসার হিসেবে মিনা মনিরুল ইসলাম এর যোগদান



মিনা মনিরুল ইসলাম গত ০৬ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের যন্ত্রকৌশল বিভাগে টেকনিক্যাল অফিসার হিসেবে যোগদান করেছেন। তিনি গত ১৮ নভেম্বর ২০০৫ ইং তারিখে টেকনিক্যাল অফিসার (আপগ্রেডেশন) হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের যন্ত্রকৌশল বিভাগে যোগদান করেন।

## অডিট এন্ড এ্যাকাউন্ট অফিসার হিসেবে ঢালী মোঃ বেল্লাল হোসেন এর যোগদান



ঢালী মোঃ বেল্লাল হোসেন গত ০৬ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের কম্পট্রোলার দপ্তরে অডিট এন্ড এ্যাকাউন্ট অফিসার হিসেবে যোগদান করেছেন। তিনি গত ৮ জুলাই ২০০৭ ইং তারিখে সহকারী অডিট অফিসার হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের কম্পট্রোলারের দপ্তরে যোগদান করেন।

## এ্যাকাউন্ট অফিসার হিসেবে রেজাউল করিম মোল্লা এর যোগদান



রেজাউল করিম মোল্লা গত ০৬ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের কম্পট্রোলার দপ্তরে এ্যাকাউন্ট অফিসার হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২১ ডিসেম্বর ২০০৮ ইং তারিখে সহাকারী এ্যাকাউন্ট অফিসার হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের কম্পট্রোলারের দপ্তরে যোগদান করেন।

## সহকারী মেডিকেল অফিসার হিসেবে ডাঃ মোঃ কামাল উদ্দিন এর যোগদান



ডাঃ মোঃ কামাল উদ্দিন গত ০৬ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারে সহকারী মেডিকেল অফিসার হিসেবে যোগদান করেছেন। তিনি খুলনা মেডিকেল কলেজ থেকে এমবিবিএস ডিগ্রী লাভ করেন। তিনি খুলনা জেলার খালিশপুর থানার বড় বয়রা পশ্চিম পাড়াস্থ ভাই ভাই মঞ্জিলের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## সহকারী মেডিকেল অফিসার হিসেবে ডাঃ বিপ্লব কুমার দে এর যোগদান



ডাঃ বিপ্লব কুমার দে গত ০৬ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারে সহকারী মেডিকেল অফিসার হিসেবে যোগদান করেছেন। তিনি খুলনা মেডিকেল কলেজ থেকে এমবিবিএস ডিগ্রী লাভ করেন। তিনি সাতক্ষীরা জেলার কালিগঞ্জ থানার, ঘুশুড়ী গ্রামের এক সম্ভ্রান্ত হিন্দু পরিবারে জন্মগ্রহণ করেন।

## নিরাপত্তা কর্মকর্তা হিসাবে মোঃ সাদেক হোসেন প্রামানিক এর যোগদান



মোঃ সাদেক হোসেন প্রামানিক ০৬ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা শাখায় নিরাপত্তা কর্মকর্তা হিসেবে যোগদান করেছেন। তিনি জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে বিএসসি (অনার্স) ও এমএসসি ডিগ্রী লাভ করেন। তিনি কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলার ঘোগারকুটি গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## পেটেন্ট

কুয়েটের ইইই বিভাগের প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম (১) এর তত্ত্বাবধানে মাসুম বিল্লাহ, লাবিব, জিএম সুলতান মাহমুদ রানা এবং মোঃ রফিকুল ইসলাম উদ্ভাবিত "Energy Meter with Automatic Load Management" গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পেটেন্ট ডিজাইনস ও ট্রেড মার্কস বিভাগের অনুমোদন লাভ করেছে (পেটেন্ট নং-১০০৫৬৪৯, ইস্যু নং-২৩৫১, তারিখ : ১৯-০৭-২০১৬)।

## বিভিন্ন বিভাগের শিক্ষকদের উচ্চতর ডিগ্রী অর্জন

### ইইই বিভাগের সহকারী অধ্যাপক জনাব মোঃ জহিরুল ইসলাম এর পিএইচডি ডিগ্রি অর্জন

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর ইইই বিভাগের সহকারী অধ্যাপক জনাব মোঃ জহিরুল ইসলাম গত ২০ অক্টোবর ২০১৬ ইং তারিখ The University of Sydney, অস্ট্রেলিয়া থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেছেন। তাঁর গবেষণার বিষয় ছিল "Stability and dynamics of Bragg grating solitons in a semilinear dual-core system with cubic-quintic nonlinearity".

### ইইই বিভাগের সহকারী অধ্যাপক জনাব মোঃ হাবিবুল্লাহ এর পিএইচডি ডিগ্রি অর্জন

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর ইইই বিভাগের সহকারী অধ্যাপক জনাব মোঃ হাবিবুল্লাহ গত ১৪ নভেম্বর ২০১৬ ইং তারিখ The University of Sydney, New South Wales, অস্ট্রেলিয়া থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেছেন। তাঁর গবেষণার বিষয় ছিল "Simplified Finite-State Predictive Torque Control Strategies forInduction Motor Drives".

### ইইই বিভাগের সহযোগী অধ্যাপক জনাব মোঃ সালাহ উদ্দীন ইউসুফ এর পিএইচডি ডিগ্রি অর্জন

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর ইইই বিভাগের সহযোগী অধ্যাপক জনাব মোঃ সালাহ উদ্দীন ইউসুফ গত ২৪ নভেম্বর ২০১৬ ইং তারিখ অত্র বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগ থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেছেন। তাঁর গবেষণার বিষয় ছিল "Efficient Mode Selection Scheme for Video Coding".

### সিএসই বিভাগের সহকারী অধ্যাপক জনাব বিষ্ণু সরকার এর এমএসসি ডিগ্রি অর্জন

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর সিএসই বিভাগের সহকারী অধ্যাপক জনাব বিষ্ণু সরকার ৩১ আগস্ট ২০১৬ ইং তারিখ ফ্রান্সের "University of Pierre and Marie Curie", "University of Lyon" ও "PolyTech-Nantes" থেকে "Erasmus Mundus Joint Master's in Data Mining and Knowledge Management" ডিগ্রি অর্জন করেছেন। তাঁর গবেষণার বিষয় ছিল "B-cell Repertoire Analysis for Understanding B-cell Lymphoid Tumors".

## অ্যাওয়ার্ড

ইসিই বিভাগের প্রভাষক মোঃ মারুফ হোসেন শুভ MIST এ গত ২৩ সেপ্টেম্বর ২০১৬ এ অনুষ্ঠিত ICEEICT 2016 এ "Detection of Breast Cancer from Histopathology image and Classifying Benign and Malignant State Using Fuzzy Logic" শীর্ষক পেপার উপস্থাপনের জন্য তৃতীয় বেস্ট পেপার অ্যাওয়ার্ড অর্জন করেন।

সিএসই বিভাগের সহকারী অধ্যাপক মেহেনুমা তাবাসসুম ওমর Guangzhou, Guangdong, China এ গত ১৪-১৮ ডিসেম্বর ২০১৬ এ অনুষ্ঠিত The 17th International Conference on Parallel and Distributed Computing, Applications and Technologies (PDCAT 2016) এ Towards An Efficient Maintenance of Address Space Overflow for Array Based Storage System শীর্ষক পেপার উপস্থাপনের জন্য "OUTSTANDING STUDENT PAPER AWARD" অর্জন করেন।

## প্রকাশনা

০১ জুলাই ২০১৬ থেকে ৩১ ডিসেম্বর ২০১৬ পর্যন্ত দেশ ও বিদেশের বিভিন্ন কনফারেন্স ও জার্নালে প্রকাশিত অত্র বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ/ইনস্টিটিউট এর শিক্ষকদের টেকনিক্যাল পেপারগুলোর তথ্য অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (www.kuet.ac.bd) রয়েছে।

# এমই ও সিই বিভাগের প্রফেসর ড. মোঃ নওশের আলী মোড়ল ও প্রফেসর ড. মোঃ কেরামত আলী মোল্লা এর বিদায় সংবর্ধনা



কুয়েটের প্রফেসর ড. মোঃ নওশের আলী মোড়ল ও প্রফেসর ড. মোঃ কেরামত আলী মোল্লা এর বিদায় উপলক্ষে উত্তরীয় ও ক্রেস্ট প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোঃ নওশের আলী মোড়ল ও সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোঃ কেরামত আলী মোল্লা এর চাকুরীর মেয়াদ পূর্ণ হওয়ায় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে তাঁদের বিদায় সংবর্ধনা উপলক্ষে এক চা চক্রের আয়োজন করা হয়। প্রশাসনিক ভবনের সভাকক্ষে ১৩ জুলাই বুধবার বিকাল সাড়ে ৩টায় আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ডীনগণ, ইনষ্টিটিউট পরিচালকগণ, বিভাগীয় প্রধানগণ, পরিচালকবৃন্দ, হল প্রভোষ্টবৃন্দ, শিক্ষকবৃন্দ এবং উচ্চপদস্থ কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন এবং বক্তৃতা করেন। অনুষ্ঠানে বিদায়ী শিক্ষকদের সংক্ষিপ্ত জীবনী উপস্থাপন করেন জনসংযোগ ও তথ্য শাখার সেকশন অফিসার(গ্রেড-১) মনোজ কুমার মজুমদার।

বিদায়ী প্রফেসর ড. মোঃ কেরামত আলী মোল্লা এ সময় তার অনুভূতি ব্যক্ত করে বলেন, এ বিশ্ববিদ্যালয় প্রাণের ন্যায় প্রিয়। যেখানেই থাকি বিশ্ববিদ্যালয়কে ভুলতে পারবো না। বিদায়ী প্রফেসর ড. মোঃ নওশের আলী মোড়ল বলেন, বিশ্ববিদ্যালয়ে কর্মরত অবস্থায় নিষ্ঠার সাথে অর্পিত দায়িত্ব পালনে সচেষ্ট ছিলাম এবং ভবিষ্যতেও বিশ্ববিদ্যালয়ের যে কোন প্রয়োজনে বিশ্ববিদ্যালয়ের সঙ্গে থাকবো। সভাপতির বক্তৃতায় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বলেন, "আপনারা এ প্রতিষ্ঠানকে যা দিয়েছেন তা অমূল্য। আপনাদের পরিশ্রমের ফসল কুয়েটের বর্তমান অবস্থান। বিশ্ববিদ্যালয় ও দেশ আপনাদের অবদান কখনও ভুলবে না"। অনুষ্ঠানের বিদায়ী প্রফেসর ড. মোঃ নওশের আলী মোড়ল ও প্রফেসর ড. মোঃ কেরামত আলী মোল্লাকে ফুল ও ক্রেস্ট দিয়ে শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং উত্তরীয় পরিয়ে দেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

সন্ধ্যায় শিক্ষক সমিতির আয়োজনে শিক্ষকবৃন্দের বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার এর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক প্রফেসর ড. সোবহান মিয়ার সঞ্চালনায় অনুষ্ঠানে বিদায়ী প্রফেসর ড. মোঃ নওশের আলী মোড়ল ও প্রফেসর ড. মোঃ কেরামত আলী মোল্লাকে ফুলেল শুভেচ্ছা ও স্মারক ক্রেস্ট প্রদান করা হয়।

এছাড়া গত ১৪ জুলাই প্রফেসর ড. মোঃ কেরামত আলী মোল্লাকে সিই বিভাগের পক্ষ থেকে এবং ২৪ জুলাই এমই বিভাগ ও ৩১ জুলাই এমই এ্যাসোসিয়েশন কর্তৃক প্রফেসর ড. মোঃ নওশের আলী মোড়লকে বিদায় সংবর্ধনার প্রদান করা হয়। প্রফেসর ড. মোঃ নওশের আলী মোড়ল ১৯৭৪ সালের ০৮ ফেব্রুয়ারি প্রভাষক হিসেবে এবং প্রফেসর ড. মোঃ কেরামত আলী মোল্লা ১৯৭৭ সালের ১৫ ডিসেম্বর সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করে অত্র প্রতিষ্ঠানে কর্মজীবন শুরু করেন।

# 'ক্যাম্পাস সিকিউরিটি সিস্টেম ডেভলপমেন্ট' বিষয়ক সভা অনুষ্ঠিত

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ক্যাম্পাস সিকিউরিটি সিস্টেম ডেভলপমেন্ট-এর জন্য আন্তর্জাতিক কোম্পানী সিআইবিএল টেকনোলজী কনসালটেন্টস লিমিটেডের প্রতিনিধির সাথে মতবিনিময় ও আলোচনা সভা ২৮ জুলাই বৃহস্পতিবার সকাল ৯টায় প্রশাসনিক ভবনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের সিই অনুষদের (৬ষ্ঠ পৃষ্ঠায় দেখুন)

# এমই বিভাগের প্রফেসর ড. তারাপদ ভৌমিক এর বিদায় সংবর্ধনা



কুয়েটের প্রফেসর ড. তারাপদ ভৌমিক এর বিদায় উপলক্ষে উত্তরীয় ও ক্রেস্ট প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. তারাপদ ভৌমিক এর চাকুরীর মেয়াদ পূর্ণ হওয়ায় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে তাঁর বিদায় সংবর্ধনা উপলক্ষে এক চা চক্রের আয়োজন করা হয়। প্রশাসনিক ভবনের সভাকক্ষে ০১ ডিসেম্বর বৃহস্পতিবার বিকাল ৩টায় অনুষ্ঠিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ডীনগণ, ইনস্টিটিউট পরিচালকগণ, বিভাগীয় প্রধানগণ, পরিচালকবৃন্দ, হল প্রভোষ্ট ও সহকারী প্রভোষ্টবৃন্দ এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরের প্রধানগণ বক্তৃতা করেন।

বিদায়ী প্রফেসর ড. তারাপদ ভৌমিক এ সময় তার অনুভূতি ব্যক্ত করে বলেন, তিনি এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত অবস্থায় নিষ্ঠার সাথে তার উপর অর্পিত দায়িত্ব পালনে সচেষ্ট ছিলেন এবং হৃদয়ে সারাজীবন কুয়েট থাকবে।

সভাপতির বক্তৃতায় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বলেন, প্রফেসর ড. তারাপদ ভৌমিক এর মত একজন দক্ষ শিক্ষক, স্পষ্ট ও মিষ্টভাষী মানুষের অনুপস্থিতি কুয়েট সবসময় স্মরণ করবে। অনুষ্ঠানে বিদায়ী শিক্ষকের সংক্ষিপ্ত জীবনী উপস্থাপন করেন জনসংযোগ ও তথ্য শাখার সেকশন অফিসার(গ্রেড-১) মনোজ কুমার মজুমদার।

এসময় বিদায়ী প্রফেসর প্রফেসর ড. তারাপদ ভৌমিককে ফুল ও ক্রেস্ট দিয়ে শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং উত্তরীয় পরিয়ে দেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। প্রফেসর ড. তারাপদ ভৌমিক ১৯৮৬ সালের ০৫ অক্টোবর সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করে অত্র প্রতিষ্ঠানে কর্মজীবন শুরু করেন।

# রেজিস্ট্রার মোঃ আব্দুর রউফ এর বিদায় সংবর্ধনা



কুয়েটের রেজিস্ট্রার মোঃ আব্দুর রউফ এর বিদায় উপলক্ষে উত্তরীয় ও ক্রেস্ট প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মোঃ আব্দুর রউফ এর চাকুরীর মেয়াদ পূর্ণ হওয়ায় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে প্রশাসনিক ভবনের সভাকক্ষে ৩১ অক্টোবর সোমবার বিকাল সাড়ে ৩টায় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সভাপতিত্বে এক চা চক্রের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ডীনগণ, ইনস্টিটিউট পরিচালকগণ, বিভাগীয় প্রধানগণ, পরিচালকগণ, হল প্রভোষ্টবৃন্দ এবং বিভিন্ন দপ্তরের প্রধানগণ উপস্থিত ছিলেন।

সভাপতির বক্তৃতায় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বলেন, মোঃ আব্দুর রউফ একজন দক্ষ প্রশাসক। তিনি এই বিশ্ববিদ্যালয়ের (১৩ পৃষ্ঠায় দেখুন)

# কুয়েটে যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস পালিত




মহান বিজয় দিবস ২০১৬ উপলক্ষে বিজয় র‍্যালীর নেতৃত্ব দেন কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস ২০১৬ পালন করা হয়েছে। দিবসটি পালন উপলক্ষ্যে ১৬ ডিসেম্বর সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের পক্ষে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর ক্যাম্পাসস্থ মুক্তিযুদ্ধের ভাস্কর্য 'দুর্বার বাংলা'র পাদদেশে পুষ্পমাল্য অর্পণ করেন। অতঃপর কুয়েট শিক্ষক সমিতি, পরিচালক (ছাত্র কল্যাণ), অফিসার্স এসোসিয়েশন, হলসমূহ, কুয়েট ছাত্রলীগ, কর্মচারী সমিতি (৩য় শ্রেণী), কর্মচারী সমিতি (৪র্থ শ্রেণী), মাস্টাররোল কর্মচারী সমিতি, বঙ্গবন্ধু কর্মচারী পরিষদ, টাঙ্গাইল এসোসিয়েশন, ছাত্র ফ্রন্টসহ কুয়েটের অন্যান্য সংগঠনের পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পণ করা হয়। সকাল সাড়ে ১০টায় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর নেতৃত্বে অনুষ্ঠিত হয় বিজয় শোভাযাত্রা। শোভাযাত্রাটি দুর্বার বাংলার সামনে থেকে শুরু হয়ে ক্যাম্পাস ও ফুলবাড়ীগেট এলাকা প্রদক্ষীণ শেষে অডিটরিয়ামের সামনে এসে শেষ হয়। এর পরেই অডিটরিয়ামে অনুষ্ঠিত হয় কুয়েট শিক্ষার্থীদের রচনায়, পরিচালনায় এবং অভিনয়ে নির্মিত বেশ কয়েকটি সর্ট ফিল্ম।

এছাড়া, বিজয় দিবসে সূর্যোদয়ের সাথে সাথে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন, ভাইস-চ্যান্সেলর এর বাসভবন এবং আবাসিক হলসমুহে (৪র্থ পৃষ্ঠায় দেখুন)

## কুয়েটে শান্তিপূর্ণভাবে ১ম বর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

### ১০০৫ আসনের বিপরীতে পরীক্ষার্থী সংখ্যা ১২৭১৭



কুয়েটের বিএসসি ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ১ম বর্ষে ভর্তি পরীক্ষার সময় কেন্দ্রসমূহ পরিদর্শন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০১৬-২০১৭ ইং শিক্ষাবর্ষের ১ম বর্ষ বিএস-সি ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সে ভর্তি পরীক্ষা ২৮ অক্টোবর শুক্রবার সকাল সাড়ে নয়টা থেকে দুপুর ১২টা পর্যন্ত অনুষ্ঠিত হয়েছে। ভর্তি পরীক্ষা কুয়েট ক্যাম্পাসসহ নিকটস্থ টিচার্স ট্রেনিং কলেজ, এইচএসটিটিআই, গভ. ল্যাবরেটরী হাই স্কুল, টেকনিক্যাল ট্রেনিং সেন্টার (বয়েজ ও গার্লস) ও নগরীর বয়রাস্থ খুলনা সরকরি মহিলা কলেজে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়। এবার ভর্তি পরীক্ষার মাধ্যমে সিই বিভাগে ১২০ জন, ইইই বিভাগে ১২০ জন, এমই বিভাগে ১২০ জন, সিএসই বিভাগে ১২০ জন, ইসিই বিভাগে ৬০ জন, আইপিই বিভাগে ৬০ জন, এলই বিভাগে ৬০ জন, টিই বিভাগে ৬০ জন, ইউআরপি বিভাগে ৬০ জন, বিইসিএম বিভাগে ৬০ জন, বিএমই বিভাগে ৩০ জন, আর্কিটেকচার বিভাগে ৪০ জন, এমএসই বিভাগে ৬০ জন, ইএসই বিভাগে ৩০ জন এবং সংরক্ষিত ৫টি আসনসহ সর্বমোট ১০০৫ জন ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে।

পরীক্ষা চলাকালীন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর ভর্তি পরীক্ষার কেন্দ্রসমূহ পরিদর্শন করেন। এ সময় ভর্তি কমিটির সভাপতি ও এমই অনুষদের ডীন প্রফেসর ড. তারাপদ ভৌমিকসহ সংশ্লিষ্টগণ উপস্থিত ছিলেন। ভাইস-চ্যান্সেলর প্রফেসর আলমগীর সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে ভর্তি পরীক্ষা সম্পন্ন হওয়ায় সন্তোষ প্রকাশ করে ভর্তি পরীক্ষা কমিটির সদস্য, আইন শৃঙ্খলা বাহিনীর সদস্য, ভর্তিচ্ছু শিক্ষার্থী ও তাদের অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। (১০ম পৃষ্ঠায় দেখুন)

## আন্তর্জাতিক কনফারেন্স 'ICMIEE 2016' অনুষ্ঠিত




আইসিএমআইইই এর উদ্বোধনী অনুষ্ঠানে কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বুয়েটের সাবেক ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এম. এইচ. খানকে স্মারক সম্মাননা প্রদান করছেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে দুই দিনব্যাপি ৪র্থ ইন্টারন্যাশনাল কনফারেন্স অন মেকানিক্যাল, ইন্ডাস্ট্রিয়াল এন্ড এনার্জি ইঞ্জিনিয়ারিং (আইসিএমআইইই) শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন ২৬-২৭ অনুষ্ঠিত হয়। যন্ত্রকৌশল অনুষদ এর আয়োজনে বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে ২৬ ডিসেম্বর সকাল ১০টায় সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বুয়েটের সাবেক ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এম. এইচ. খান। উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তৃতা করেন সম্মেলন অর্গানাইজিং কমিটির চেয়ারম্যান ও এমই অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার (৬ষ্ঠ পৃষ্ঠায় দেখুন)


## প্রকাশনা কমিটি

| | | |
|---|---|---|
| প্রফেসর ড. সোবহান মিয়া<br>প্রফেসর, এমই বিভাগ | - | সভাপতি |
| মোঃ এস্রাজ-উল-জান্নাত<br>সহকারী অধ্যাপক, ইউআরপি বিভাগ | - | সদস্য |
| মোঃ সাকিব গালিব সৌরভ<br>সহকারী অধ্যাপক, ইইই বিভাগ | - | সদস্য |
| প্রীতম কুমার মণ্ডল<br>প্রভাষক, আইইএম বিভাগ | - | সদস্য |
| মনোজ কুমার মজুমদার<br>সেকশন অফিসার (গ্রেড-১), জনসংযোগ ও তথ্য শাখা | - | সদস্য-সচিব |